উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ

MLD



সেনসেক্স : ৭৯,৪০৮.৫০ (+৮৫৫.৩০)

নিফটি : ২৪,১২৫.৫৫ (+২৭৩.৯০)



**অধ্যাপকের নামে ভুয়ো প্রোফাইল**
সাইবার দুষ্কৃতীর খপ্পরে আইন কলেজের অধ্যাপক। বালুরঘাট আইন কলেজের ইংরেজি বিভাগের অধ্যাপক নান্টু দাসের ভুয়ো প্রোফাইল তৈরি করে সম্মানহানির চেষ্টা। ▸▸ ৩

**ঘাসফুলে অধীর-ঘনিষ্ঠ মোশারফ**
তৃণমূলে ফিরলেন অধীর-ঘনিষ্ঠ মুর্শিদাবাদ জেলা পরিষদের প্রাক্তন সভাধিপতি মোশারফ হোসেন। জেলা কংগ্রেস নেতার দলবদলের কথা চাউর হতেই চাঞ্চল্য রাজনৈতিকমহলে। ▸▸ ৪

আজকের সম্ভাব্য তাপমাত্রা

| | মালদা | | রায়গঞ্জ | | বালুরঘাট | | শিলিগুড়ি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | সর্বোচ্চ | সর্বনিম্ন | সর্বোচ্চ | সর্বনিম্ন | সর্বোচ্চ | সর্বনিম্ন | সর্বোচ্চ | সর্বনিম্ন |
| | ৩৩° | ২৩° | ৩৪° | ২৬° | ৩২° | ২২° | ৩৩° | ২৩° |

**পাটানি নন তিনি, সত্যিই এক পাটরানি** ▸▸ ৮

৮ বৈশাখ ১৪৩২ মঙ্গলবার ৫.০০ টাকা 22 April 2025 Tuesday 12 Pages Rs. 5.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 45 Issue No. 332



*বিধাননগরে তালিকা প্রকাশের অপেক্ষায় উদ্বিগ্ন শিক্ষকরা। সোমবার কলকাতায়। আচার্য ভবনের সামনে।*

### তৃতীয় কাউন্সেলিং পর্যন্ত বৈধ বলায় উত্তেজনা

# যোগ্য-অযোগ্য তালিকা প্রকাশে ব্যর্থ কমিশন

**রিমি শীল ও নয়নিকা নিয়োগী**

**কলকাতা, ২১ এপ্রিল :** এসএসসির তরফে চাকরিহারা শিক্ষকদের সোমবার সন্ধ্যা ৬টায় যোগ্য অযোগ্য তালিকা দেওয়ার আশ্বাস দেওয়া হয়েছিল। দুপুর ১২টা থেকে শিক্ষকরা অপেক্ষায় থাকলেও সেই আশায় জল ঢালে এসএসসি ভবন। শেষ পর্যন্ত তালিকা প্রকাশ হল না। তবে আচার্য সদনের দাবি, থার্ড কাউন্সেলিং পর্যন্ত যে সব শিক্ষক রয়েছেন, তাঁরাই একমাত্র বৈধ। সেই খবর আসতেই উত্তেজিত হয়ে ওঠেন এসএসসি ভবনের বাইরে অপেক্ষারত শিক্ষক-শিক্ষিকারা। পুলিশের সঙ্গে তাঁদের বচসা হাতাহাতিতে পৌঁছোয়। ভবনের বাইরের ব্যারিকেড ভেঙে ভিতরে প্রবেশের চেষ্টা করেন চাকরিহারারা। কেউ কাঁদছেন, কেউ আত্মহত্যার হুঁশিয়ারি দিচ্ছেন, আবার কারওর পরিবারের চিন্তায় মাথায় হাত। তাঁদের দাবি, 'যতক্ষণ না যোগ্য-অযোগ্যদের তালিকা প্রকাশ হচ্ছে, ততক্ষণ এসএসসির চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার এবং শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে এসএসসি ভবনের ভিতরেই আটকে রাখা হবে।' শেষে শিক্ষামন্ত্রী ও এসএসসি চেয়ারম্যানের পদত্যাগের দাবি করেন চাকরিহারারা। তালিকা প্রকাশ না হওয়া পর্যন্ত এসএসসি অফিস ঘেরাও চলবে বলে জানিয়েছেন তাঁরা। এদিনই ২৬ হাজার চাকরি বাতিলের নির্দেশ সংক্রান্ত আদালত অবমাননার মামলায় ওএমআর শিট প্রকাশ নিয়ে বুধবার এসএসসির অবস্থান জানতে চেয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি দেবাংশু বসাকের ডিভিশন বেঞ্চের অসন্তোষের মুখে পড়েছে এসএসসি, মধ্যশিক্ষা পর্ষদ ও রাজ্য। সুপ্রিম কোর্টের নির্দেশ কার্যকর করতে রাজ্য, পর্ষদ, এসএসসির ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছেন বিচারপতি বসাক।

ডেডলাইন পেরোতেই ধৈর্যের বাঁধ হারান চাকরিহারা শিক্ষকরা। 'থার্ড কাউন্সেলিং পর্যন্ত যোগ্য' এমন অযৌক্তিক কথা মানতে চাইছেন না কেউ। চাকরিহারা এক শিক্ষিকা বললেন, 'আমরা কোনও দিশা খুঁজে পাচ্ছি না, আমাদের নিয়ে কী করতে চলেছে ওরা। আজ ফাইনালি যোগ্য-অযোগ্য তালিকা হাতে নিয়েই বাড়ি যাব।' চিৎকার করে ক্ষোভ উগরে দিলেন আর এক চাকরিহারা শিক্ষক। বললেন, 'এরা চোর। এদের কথা বিশ্বাস করে ভুল করেছি। তালিকা প্রকাশ না হওয়া পর্যন্ত নড়ব না।' ওএমআর শিটের মিরর ইমেজ প্রকাশ *এরপর দশের পাতায়*

**মিলল না সমাধান**

- দিন শেষে তালিকা প্রকাশ হল না। তবে আচার্য সদনের দাবি, থার্ড কাউন্সেলিং পর্যন্ত যেসব শিক্ষক রয়েছেন, তাঁরাই একমাত্র বৈধ
- সেই খবর আসতেই উত্তেজিত হয়ে ওঠেন এসএসসি ভবনের বাইরে অপেক্ষারত শিক্ষক-শিক্ষিকারা
- পুলিশের সঙ্গে তাঁদের বচসা হাতাহাতিতে পৌঁছোয়। ভবনের বাইরের ব্যারিকেড ভেঙে ভিতরে ঢোকার চেষ্টা করেন চাকরিহারারা
- কেউ কাঁদছেন, কেউ আত্মহত্যার হুঁশিয়ারি দিচ্ছেন, আবার কারও পরিবারের চিন্তায় মাথায় হাত

### মাত্র ৪ হাজার ধারের জন্য অস্ত্র নিয়ে হামলা

# টাকা চাইতে গিয়ে খুন

**জসিমুদ্দিন আহম্মদ**

**মালদা, ২১ এপ্রিল :** মাত্র ৪ হাজার টাকার জন্য পিটিয়ে খুন করা হল এক পাওনাদারকে। মৃতের পরিবারের দাবি, ধার দেওয়া টাকা চাইতে গিয়ে রোষানলে পড়েন বাগবাড়ি এলাকার আমির শেখ নামে ওই তরুণ। ঘটনাটি ঘটেছে মালদা শহরের উপকণ্ঠ বাগবাড়িতে।

নিহত পরিবারের অভিযোগ, আক্রমণকারী বোনা শেখ সদলবলে লোহার রড সহ একাধিক অস্ত্র দিয়ে তাঁর উপর হামলা চালায়। দাদাকে বাঁচাতে গিয়ে আক্রান্ত হন পাওনাদারের ভাই সুরজও। দুইজনকেই রক্তাক্ত অবস্থায় রাস্তায় ফেলে পালিয়ে যায় অভিযুক্তরা। ৫ দিন আগের এই ঘটনায় চিকিৎসারত অবস্থায় সোমবার সকালে মালদা মেডিকেলে মারা যান আমির শেখ (৩৫)। অভিযুক্তদের বিরুদ্ধে সোমবার দুপুরে খুনের অভিযোগ দায়ের করেছেন মৃত তরুণের মা। অভিযুক্তদের খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ।

নিহতের আদিবাড়ি মালদা শহরের হায়দারপুর এলাকায়। বছর পাঁচেক আগে তাঁরা সপরিবারে মালদা শহরের উপকণ্ঠ বাগবাড়ির রাজনগরে বসবাস শুরু করেন। আমির শেখ পেশায় রিকশাচালক। এদিন ময়নাতদন্তের পর আমিরের মৃতদেহ হায়দারপুরে আনা হলে কান্নায় ভেঙে পড়েন মা বুধি বিবি সহ পরিবারের সদস্যরা। আমিরের খুনিদের ফাঁসির দাবি তুলে বুধি বিবির অভিযোগ, 'আমার ছেলে টাকা ধার দিয়েছিল বোনা শেখকে। তাঁর কাছে ৪ হাজার টাকা পেত ছেলে। সেই টাকা কিছুতেই শোধ করছিল না বোনা। গত মঙ্গলবার টাকা চাইতে গেলে সকলে মিলে আমার ছেলেকে মেরে ফেলে। আমরা বিচার চাই।'





নিহতের পরিবারের আরেক সদস্য আইয়ুব হোসেনের অভিযোগ, 'মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৬টা নাগাদ আমির বোনা শেখের কাছে টাকা চাইতে যায়। তারা ওই এলাকার কুখ্যাত দুষ্কৃতী। পাওনা টাকা চাইতে আচমকাই লোহার রড দিয়ে আমিরের মাথায় সজোরে আঘাত করে। ওই সময় রাস্তায় লুটিয়ে পড়ে আমির। তাতেও ক্ষান্ত হয়নি দুষ্কৃতীরা। তাঁকে প্রাণে মেরে ফেলতে মুখে ও সারা শরীরে এলোপাতাড়ি অস্ত্রাঘাত করে।'

পরিবারের সদস্যদের আরও অভিযোগ, দাদাকে মারতে দেখে আমিরের ছোট ভাই সুরজ বাঁচাতে এগিয়ে যান। দুষ্কৃতীরা তাঁকেও মারধর শুরু করে। দুজনকেই রক্তাক্ত অবস্থায় রাস্তায় ফেলে পালিয়ে যায়। খবর পেয়ে গ্রামবাসীরা বাগবাড়ি রাইসমিল সংলগ্ন রাস্তার উপর থেকে দু'জনকেই উদ্ধার করে মালদা মেডিকেলে নিয়ে যায়। চিকিৎসারত অবস্থায় আমির সোমবার মারা যান। তাঁর ভাই সুরজের শারীরিক অবস্থা এখনও আশঙ্কাজনক।

যদিও এই ঘটনা নিয়ে পুলিশকর্তারা মুখ খুলতে রাজি হননি। তবে ইংরেজবাজার থানার পুলিশ জানিয়েছে, অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু হয়েছে।

নৃশংস এই ঘটনায় স্তম্ভিত গোটা এলাকার বাসিন্দারা। সামান্য চার হাজার জন্য এভাবে পিটিয়ে খুন করার ঘটনা যে ঘটতে পারে, তা ভাবতেই পারছেন না নিহতের পরিবারের লোকজন। শুধু আক্রমণই নন, এলোপাতাড়ি এভাবে অস্ত্র দিয়ে আক্রমণ করার ফলে মর্মান্তিক মৃত্যু হল এক তরুণের। পাঁচদিন আগের ওই ঘটনার অভিঘাত এখনও সামলে উঠতে পারেননি আমিরের পরিজনেরা।

**অভিযোগ**

- ধার দেওয়া টাকা চাইতে গিয়ে রোষানলে পড়েন বাগবাড়ি এলাকার বাসিন্দা আমির শেখ নামে ওই তরুণ
- আক্রমণকারী বোনা শেখ সদলবলে লোহার রড সহ একাধিক অস্ত্র দিয়ে তাঁর উপর হামলা চালায়
- দাদাকে বাঁচাতে গিয়ে আক্রান্ত হন পাওনাদারের ভাই সুরজও। দুইজনকেই রক্তাক্ত অবস্থায় রাস্তায় ফেলে পালিয়ে যায় অভিযুক্তরা
- ৫ দিন আগের এই ঘটনায় চিকিৎসারত অবস্থায় সোমবার সকালে মালদা মেডিকেলে মারা যান আমির শেখ
- অভিযুক্তদের বিরুদ্ধে সোমবার দুপুরে খুনের অভিযোগ দায়ের করেছেন মৃত তরুণের মা
- ঘটনা নিয়ে ইংরেজবাজার থানার পুলিশ জানিয়েছে, অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু হয়েছে

**কথায় কথায়**

# দিল্লির সব কমিশনের বঙ্গ দর্শন হাসির খোরাক

**আশিস ঘোষ**



বেশ কিছু ব্যাপারে কীসের পর কী হবে তা এখন এ রাজ্যের মানুষের কাছে জলভাত হয়ে গিয়েছে। এখানে কোনও একটা বড় কিছু ঘটবে আর তারপর যা যা হবে সব আমাদের মুখস্থ। প্রথমে বিরোধী নেতারা সেখানে যাওয়ার চেষ্টা করবেন। পুলিশ মাঝপথে তাঁদের আটকাবে। তাঁরা রাস্তায় বসে পড়বেন। পুলিশের সঙ্গে ধস্তাধস্তি হবে। তারপর হাইকোর্টে গিয়ে পারমিশন নিয়ে সেখানে যাবেন এবং অবিলম্বে রাজ্যে রাষ্ট্রপতির শাসন চাইবেন। নিদেনপক্ষে ৩৫৫। তা নিয়ে দিকে দিকে বিক্ষোভ হবে, আইন অমান্য হবে। এর পরের ধাপ রাজভবন। রাজ্যপাল বিবৃতি দেবেন, সাংবাদিক বৈঠক করবেন। অতঃপর তিনিও ঘটনাস্থলে রওনা দেবেন। সেখানে গিয়ে তিনি কী কী বলবেন, তাও এতদিনে সব্বার জানা। নানারকম নরম হুমকি, গরম বুলি। 'শেষ দেখে ছাড়ব' গোছের হুংকার।

এ পর্যন্ত এখানকার ব্যাপার। এরপর দিল্লি থেকে একে একে আসবে কেন্দ্রীয় মানবাধিকার কমিশন। তারপর মহিলা কমিশন। এরপর প্রয়োজনে তপশিলি জাতি উপজাতি কমিশন। তাঁরা ঘুরে দেখবেন। উপদ্রুত এলাকার মানুষজনের সঙ্গে কথা বলবেন। সাংবাদিকদের সামনে নানারকম বিবৃতি দেবেন। সে সব ভাষ্য এত পরিচিত যে তাঁরা কী কী বলবেন তাও রাজ্যবাসী আগাম বলে দিতে পারেন। মনে পড়ে সন্দেশখালির কথা? ঘরে ঘরে মা-বোনেদের ঢালাও ধর্ষণের নানা কাহিনী। তখন লোকসভার ভোট দোরগোড়ায়। চতুর্দিকে গেল গেল রব। সেইসঙ্গে শেখ শাহজাহানের নানা কীর্তির ফলাও খবর। ইডি, সিবিআইয়ের দৌড়ঝাঁপ।

সেবারও নয়াদিল্লি থেকে এসেছিল মহিলা কমিশন। তার নেতৃত্বে ছিলেন রেখা শর্মা। তিনি সরাসরি রাষ্ট্রপতি শাসনের দাবি করেছিলেন রাজভবনে বসে। বলেছিলেন, মুখ্যমন্ত্রীর পদত্যাগ চাই। কে এই রেখা শর্মা তা জানিয়ে রাখা যাক। তিনি মণিপুরে মহিলাদের ধর্ষণ, অত্যাচারের অভিযোগ পেয়েও নড়েননি। ই-মেল মারফত নির্দিষ্ট অভিযোগ গেলেও তাঁর কাছ থেকে কোনও উত্তর পাওয়া যায়নি। শেষে মহিলাদের নগ্ন করে হাঁটানোর ভিডিও ভাইরাল হলে আর চেপে রাখা যায়নি। পরে এক ফাঁকে তিনি গোপনে মণিপুর গিয়ে দুজন মহিলার সঙ্গে কথা বলে তড়িঘড়ি ফিরে এসেছিলেন। ব্যাস, ওই পর্যন্তই। এমনকি এ দেশের মহিলাদের নিরাপত্তা নিয়ে গতবছর তাঁর মন্তব্যে নিন্দার ঝড় উঠেছিল দেশে-বিদেশে। এহেন রেখা দেবী এখন হরিয়ানার বিজেপি রাজ্যসভার সাংসদ।

তাঁর জায়গায় এখন চেয়ারপার্সন হয়ে মুর্শিদাবাদে তদন্তে এসেছেন বিজয়া রাহাতকর। তিনি ছিলেন বিজেপির জাতীয় সম্পাদক। ছিলেন মহারাষ্ট্রের মহিলা কমিশনের দায়িত্বে। রাজস্থানে দলের দায়িত্বে ছিলেন তিনি। তাঁর ফেসবুক পেজ এখন মুর্শিদাবাদ নিয়ে নানা মন্তব্যে ভর্তি। তাঁর সঙ্গী অর্চনা মজুমদার এখানে বিজেপির হয়ে বিধানসভার ভোটে *এরপর দশের পাতায়*

# বাঁশ দিয়ে পিটিয়ে দাদুকে খুন নাতির

**বিশ্বজিৎ সরকার**

**রায়গঞ্জ, ২১ এপ্রিল :** ১২ কাঠা জায়গা। আর তা নিয়েই যাবতীয় গণ্ডগোলের সূত্রপাত। দীর্ঘদিন ধরে বসতবাড়ির ওই জায়গা নিজের নামে লিখে দেওয়ার জন্য দাদুর ওপর একাধিকবার চাপ দিচ্ছিল নাতি। এনিয়ে প্রায়শই বিবাদ লেগে থাকত। রবিবার যা চরমে পৌঁছায়। বিবাদ চলাকালীন নিজের দাদুকে বাঁশ দিয়ে পিটিয়ে খুন করার অভিযোগ উঠল নাতির বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে উত্তর দিনাজপুরের করণদিঘি থানা লাগোয়া বিহারের কাটিহার জেলার বলরামপুরে। মৃত প্রৌঢ়ের নাম বিশ্বনাথ রায় (৬৫)। অভিযুক্ত নাতির নাম সুজিত রায় ওরফে গুড্ডু।

**বসতবাড়ির জায়গা লিখে না দেওয়ার জের**

পুলিশকে মৌখিকভাবে সমস্ত বিষয় জানানো হয়েছে। সৎকারের পর লিখিত অভিযোগ দায়ের করা হবে বলে পরিবারের তরফে জানানো হয়েছে। জানা গিয়েছে, বিশ্বনাথবাবুর বসতবাড়ির ১২ কাঠা জায়গা রয়েছে। সেই জায়গা লিখে দেওয়ার জন্য একাধিকবার চাপ দিচ্ছিল নাতি সুজিত। রবিবার সন্ধ্যায় দুপক্ষের বিবাদ চরম পর্যায়ে পৌঁছায়। দাদুকে বাঁশপেটা করে সুজিত। সেইসময় বিশ্বনাথবাবুর চিৎকার-চ্যাঁচামেচি শুনে প্রতিবেশীরা ছুটে আসেন এবং *এরপর দশের পাতায়*

# রাজ্য সড়কের পাশে 'বিক্রি' হচ্ছে খাসজমি

**বিশ্বজিৎ সরকার**

**রায়গঞ্জ, ২১ এপ্রিল :** দিনের আলোয় প্রশাসনের চোখে ধুলো দিয়ে চলছে জমি চুরি। রায়গঞ্জ শহর থেকে কর্ণজোড়া হয়ে হেমতাবাদ ও কালিয়াগঞ্জ যাওয়ার রাজ্য সড়কের দুই ধারের খাস জায়গা দখল হয়ে যাচ্ছে প্রভাবশালী জমি মাফিয়াদের দৌরাত্ম্যে। প্রথমে টিনের বেড়া দিয়ে ঘিরে ফেলা হচ্ছে বড় একটা জায়গা। তারপর ছোট ছোট প্লটে তা বিক্রি হয়ে যাচ্ছে মোটা টাকার বিনিময়ে। এভাবেই হাপিস বিস্তীর্ণ খাসজমি।

বছরের পর বছর ধরে এটাই দস্তুর হয়ে উঠেছে রায়গঞ্জ ব্লকের কমলাবাড়ি ১ ও ২ গ্রাম পঞ্চায়েত এলাকায়। আর এর জেরেই ফুলেফেঁপে উঠছেন কিছু রাজনৈতিক নেতা ও প্রভাবশালী জমি মাফিয়ার। এই জমি মাফিয়াদের দৌরাত্ম্য থেকে মুক্তি চাইছেন কমলাবাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকার মানুষজন। কমলাবাড়ি ১ ও ২ গ্রাম পঞ্চায়েত এলাকাটি রায়গঞ্জ শহর লাগোয়া। এই পঞ্চায়েত এলাকাতেই রয়েছে খোদ জেলা শাসকের দপ্তর থেকে শুরু করে সমস্ত সরকারি দপ্তর ও প্রশাসনিক ভবন। রয়েছে জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের সর্বোচ্চ কর্তাদের আবাসন। এই পঞ্চায়েত এলাকাতেই তৈরি হয়েছে রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালের দ্বিতীয় ক্যাম্পাস। বন্ধ হয়ে যাওয়া স্পিনিং মিলের জায়গায় তৈরি হচ্ছে টেক্সটাইল হাব। এছাড়াও কমলাবাড়ি ১ ও ২ গ্রাম পঞ্চায়েত এলাকায় বিশাল এলাকাজুড়ে রয়েছে বিএসএফের প্রশাসনিক কার্যালয়। ফলে ধীরে ধীরে এই এলাকার ছবিটাই পালটে গিয়েছে। উন্নয়নের হাত ধরে ক্রমেই মহার্ঘ হয়েছে এই এলাকার জমি। তাই ফাঁকা পড়ে থাকা সরকারি জমিকেই টার্গেট করছে জমি মাফিয়ারা। রাতারাতি তা দখল করে চলছে বিক্রি করার পালা। একের পর এক সরকারি জমি দখল করে বিক্রি করে দিচ্ছেন এলাকারই কিছু প্রভাবশালী ব্যক্তি। সরকারি সংশ্লিষ্ট মহলে অভিযোগ জানিয়েও কোনও লাভ হচ্ছে না বলে বাসিন্দাদের দাবি। ইতিমধ্যেই কমলাবাড়ি ১ ও ২ গ্রাম পঞ্চায়েতের একাধিক সরকারি খাস জায়গা জমি মাফিয়াদের দখলে চলে গিয়েছে।

মাফিয়াদের হাত থেকে জমি রক্ষার জন্য একাধিক আন্দোলন করেছেন কমলাবাড়ি ২ গ্রাম পঞ্চায়েতের তৃণমূলের সভানেত্রী সোনা টোপ্পো। তাঁর অভিযোগ, 'বহু জমি এলাকার প্রভাবশালীরা দখল করে বড় বড় ইমারত তৈরি করেছেন। সরকারি জমি দখল করে প্রাচীর দিয়ে দেওয়া হয়েছে।' *এরপর দশের পাতায়*

**কমলাবাড়িতে মাফিয়া দৌরাত্ম্য**



*রাজ্য সড়কের ধারে জমি দখলের জন্য কাটা হচ্ছে সরকারি গাছ।*

# বিএসএফ ক্যাম্প তৈরির আশ্বাস সুকান্তর

**অর্ণব চক্রবর্তী**

**জাফরাবাদ (সামশেরগঞ্জ), ২১ এপ্রিল :** সামশেরগঞ্জে সংঘর্ষে বিধ্বস্ত এলাকায় গিয়ে নিগৃহীতদের আশ্বস্ত করলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। রাজ্য বিজেপির সভাপতি জানান, কেন্দ্রীয় সরকার তাঁদের পাশে রয়েছে। আক্রান্তদের অভাব অভিযোগের বিষয়টি খতিয়ে দেখার পাশাপাশি এলাকার নিরাপত্তায় আরও বেশি বিএসএফ মোতায়েনের আশ্বাস দিয়েছেন। একইসঙ্গে জানিয়েছেন, প্রয়োজনে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে বিএসএফ ক্যাম্পের ব্যবস্থা করা হবে আইনি প্রক্রিয়া মেনেই।

এদিন দুপুর দেড়টা নাগাদ তিনি রতনপুরের ঘোষপাড়ায় আক্রান্ত পরিবারগুলোর সঙ্গে কথা বলেন এবং ভেঙে যাওয়া দোকানপাট সহ বিভিন্ন জায়গা ঘুরে দেখেন। স্থানীয় বাসিন্দারা বিএসএফ ক্যাম্পের দাবি জানাতে থাকেন তাকে ঘিরে । এক মহিলা বলেন, 'সারারাত তাণ্ডব চলেছে। ঘরবাড়ি সব শেষ, কিচ্ছু নেই। কী করে বাঁচব আমরা?' পুলিশ যে কোনও পদক্ষেপই করেনি, সেটাও তাঁরা জানিয়েছেন। অপর এক মহিলা বলেন, 'আমরা শুধু ভয়ে কেঁদেছি। পুলিশ সব জানে, তাও আসেনি। আমরা যখন মারা যাব, তখন কি পুলিশ আসবে?'

সুকান্ত মজুমদার নিগৃহীতদের আশ্বস্ত করেন। তিনি আশ্বাস দেন, কেন্দ্রীয় সরকার তাঁদের পাশে রয়েছে। তাঁদের অভাব অভিযোগের বিষয়টি খতিয়ে দেখার আশ্বাসও দিয়েছেন। এলাকার নিরাপত্তায় বিএসএফ আরও বেশি করে মোতায়েন করার আশ্বাস দিয়েছেন তিনি। ঘোষপাড়া এলাকা



*জাফরাবাদে নিহতদের পরিবারের সঙ্গে কথা বলছেন সুকান্ত।*

ঘুরে দেখার পর সুকান্ত বলেন, 'রিফিউজি ক্যাম্পে গিয়েছিলাম, প্রত্যেকের দাবি ছিল, এলাকায় স্থায়ী বিএসএফ ক্যাম্প দরকার। রাজ্য পুলিশের উপর সাধারণ মানুষের বিশ্বাস নেই। আমি রাজ্য সরকারকে আবেদন করব, এখানে কেন্দ্রীয় বাহিনীর স্থায়ী ক্যাম্প করার রাজ্য যাতে কেন্দ্রের কাছে তদ্বির করে।' *এরপর দশের পাতায়*

উত্তরবঙ্গ সংবাদে এখন থেকে এক ঝাঁক নতুন বিভাগ

**এডিশন স্পেশাল**

**পাউডার ছিটিয়ে অজ্ঞান করে ছিনতাই**

▸▸ বিস্তারিত দশের পাতায়

# আত্মহত্যার সংখ্যা বাড়ছে, উদ্বেগ স্বাস্থ্য দপ্তরের

**রূপক সরকার**

**বালুরঘাট, ২১ এপ্রিল :** আচ্ছা, আমাদের চারপাশটা কি ধীরে ধীরে 'হেমলক সোসাইটি' হয়ে যাচ্ছে? সকালে চায়ের কাপ হাতে নিয়ে খবরের কাগজের পাতা ওলটালেই চোখে পড়ে কোনও না কোনও আত্মহত্যার খবর। এমনকি পাড়ার মোড়ে, চায়ের দোকান থেকে হাটেবাজারে, কারও না কারও আত্মহত্যার খবর নিয়ে চর্চা চলছেই। কিন্তু এত আত্মহত্যার ঘটনা ঘটছেই বা কেন?

আসলে আজকের দিনে সাফল্য পাওয়ার ইঁদুর-দৌড়ে নেমে পড়েছি আমরা প্রায় সবাই। আট থেকে আশি সকলেই শামিল এই প্রতিযোগিতায়। আর এর থেকেই বাড়ছে মানসিক চাপ। বিষণ্ণতা পরিণত হচ্ছে হতাশায়। সহ্যের সীমা ছাড়িয়ে গেলেই বহু মানুষ বেছে নিচ্ছেন আত্মহত্যার পথ। এই তালিকায় পুরুষ ও মহিলার সংখ্যা প্রায় সমান। যত দিন যাচ্ছে আত্মহত্যার প্রবণতা বেড়েই চলছে।

এবিষয়ে জড়িত অনেকের বক্তব্য জানতে চাওয়া হয়েছিল উত্তরবঙ্গ সংবাদের তরফে। আত্মহত্যায় মৃতের এক আত্মীয় সঞ্জিত শীল বলেন, 'আমার ভাই দু'দিন আগে গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী হয়েছে। ও এমনটা করবে তা ঘুণাক্ষরেও আমরা বুঝতে পারিনি। এক্ষেত্রে প্রশাসন যদি কোনও প্রচার চালায় আত্মহত্যা কমানোর জন্য, তাহলে হয়তো এই সমস্যা অনেকটাই কমবে।'

বালুরঘাটের মনোরোগ বিশেষজ্ঞ ঋতব্রত চট্টোপাধ্যায়ের কথায়, 'অনেকের মধ্যেই আত্মহত্যার প্রবণতা থাকেই। যার অন্যতম কারণ পারিবারিক সমস্যা ও চাপ। লোকের চাহিদা ও আকাঙ্ক্ষা বাড়ছে। সকলেই প্রথম হওয়ার দৌড়ে নেমেছে। কিন্তু চাইলেও তো আর প্রথম হতে পারছে না। এর থেকেই তৈরি হচ্ছে হতাশা। পারিবারিক ও সামাজিক শিক্ষাটাও আজকের দিনে নড়বড়ে হয়ে গিয়েছে। যার কারণে এই পথ বেছে নিচ্ছেন অনেকেই।'

বালুরঘাট কলেজের অধ্যাপক দুলাল বর্মনের পর্যবেক্ষণ, 'স্কুল-কলেজের পড়ুয়াদের মধ্যে পড়াশোনার আগ্রহ কমে যাচ্ছে। বয়স কম হওয়ায়, তাদের চঞ্চলতা বেশি। খুব অল্পতেই ধৈর্য হারিয়ে ফেলে তারা। ফলে ছোট্ট কারণেই তারা আত্মহত্যার পথ বেছে নিচ্ছে।'

এমন পরিস্থিতিতে আত্মহত্যা কমাতে জেলা স্বাস্থ্য দপ্তরের তরফে চালু করা হচ্ছে কাউন্সেলিং পরিষেবা। আত্মহত্যা করার চেষ্টা করেছেন এমন বহু মানুষকে রাজ্য স্বাস্থ্য দপ্তরের চিকিৎসকরা কাউন্সেলিং করছেন। 'এর ফলে কমবে আত্মহত্যার প্রবণতা,' দাবি জেলা স্বাস্থ্য দপ্তরের।

প্রায় দেড়-দু'দশক আগেও যৌথ পরিবারে *এরপর দশের পাতায়*

**দক্ষিণ দিনাজপুরের পরিসংখ্যান**

- জানুয়ারি থেকে এপ্রিল পর্যন্ত বালুরঘাট পুলিশ মর্গে ৪০০টি অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় ময়নাতদন্ত হয়েছে
- মাসে এই ধরনের ১০০-১৫০ দেহ ময়নাতদন্ত হয়
- মাসে আত্মহত্যার সংখ্যা ৫০-৭০টি (অল্পবয়সি ২৫-৩০ জন)
- মৃতের আত্মীয়দের বক্তব্য, প্রশাসন যদি প্রচার চালায় আত্মহত্যা কমানোর জন্য, তাহলে এই সমস্যা অনেকটাই কমবে
- যাঁরা আত্মহত্যার চেষ্টা করছেন তাঁদেরই করা হচ্ছে কাউন্সেলিং
- এটি কোনও সমাধান নয়, কাউন্সেলিং করে বোঝাচ্ছেন চিকিৎসকরা

তথ্য : জেলা স্বাস্থ্য দপ্তর



পড়ন্ত বিকেলে আত্রেয়ীতে মাছ ধরে অবসর যাপন। সোমবার বালুরঘাটে অভিজিৎ সরকারের ক্যামেরায়।

## বাইকের ধাক্কায় বৃদ্ধের মৃত্যু

**হরিশ্চন্দ্রপুর, ২১ এপ্রিল :** বেপরোয়া বাইকের ধাক্কায় মৃত্যু হল বৃদ্ধের। ঘটনাটি ঘটেছে রবিবার হরিশ্চন্দ্রপুরের ভালুকাগামী রাজ্য সড়কে রাঙাইপুর ডগলা ব্রিজের কাছে। মৃতের নাম মহম্মদ মুসলিম (৫৫)। বাড়ি বিতল গ্রামে।

মহম্মদ মুসলিম এলাকার একটি বাজার থেকে ছাগল কিনে সাইকেলে দৌলতপুর থেকে নিজের বাড়ি ফিরছিলেন। অপরদিক থেকে একটি বাইক বেপরোয়া গতিতে এসে সাইকেল আরোহীকে ধাক্কা মারে। রাস্তায় ছিটকে পড়েন বৃদ্ধ। রক্তাক্ত অবস্থায় তাঁকে স্থানীয় বাসিন্দারা উদ্ধার হরিশ্চন্দ্রপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে আসে। আশঙ্কাজনক অবস্থায় চিকিৎসক চাঁচল সুপারস্পেশালিটি হাসপাতালে স্থানান্তর করলে পরিবারের সদস্যারা মালদার একটি বেসরকারি নার্সিংহোমে নিয়ে যান। চিকিৎসা চলাকালীন সেখানেই তাঁর মৃত্যু হয়। পুলিশ দেহটি ময়নাতদন্তে পাঠিয়েছে।

## আগ্নেয়াস্ত্র ও কার্তুজ উদ্ধার

**ডোমকল, ২১ এপ্রিল :** পাচার করার আগেই আগ্নেয়াস্ত্র, কার্তুজ উদ্ধার সহ এক দুষ্কৃতীকে গ্রেপ্তার করল পুলিশ। ইন্দো বাংলা সীমান্তের মুর্শিদাবাদের ডোমকল মহকুমার অন্তর্গত পথপাড়া মোড় এলাকা থেকে ওই দুষ্কৃতীকে গ্রেপ্তার করা হয়। ধৃতের নাম হোসেন শেখ। জানা গিয়েছে, পথপাড়া মোড় সংলগ্ন এলাকায় সন্দেহজনক অবস্থায় ঘোরাঘুরির সময় একজনকে আটক করে পুলিশ। তল্লাশি চালাতেই তাঁর কাছ থেকে উদ্ধার হয় আগ্নেয়াস্ত্র ও কার্তুজ। ধৃতের বাড়ি সাগরপাড়ার চর কাকমারি এলাকায়। ধৃতের বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা রুজু করে সোমবার বহরমপুর আদালতে তোলা হলে বিচারক ধৃতকে চার দিনের পুলিশ হেপাজতএর নির্দেশ দেন।

## হোসেনপুরে বাড়িতে চুরি

**বালুরঘাট, ২১ এপ্রিল :** বাড়ি ফাঁকা রেখে শ্বশুরবাড়িতে ঘুরতে যাওয়ায় কাল হল। বাড়ি ফিরে চুরির ঘটনার সাক্ষী হতে হল এক গৃহস্থকে। বালুরঘাট শহর লাগোয়া হোসেনপুর এলাকার ঘটনা। গৃহস্বামী শংকর সাহা বালুরঘাট থানায় অভিযোগ দায়ের করে বলেন, প্রাথমিকভাবে ৩০ গ্রাম সোনা কিছু রূপোর অলংকার, ল্যাপটপ ইত্যাদি খোয়া গিয়েছে বলে জানা যাচ্ছে। চোরেরা প্রত্যেকটা ঘরেই তাণ্ডব চালিয়েছে। আরও কি চুরি গেছে, তা এখনই বলা যাচ্ছে না। গত ১৮ তারিখে পরিবার সহ শ্বশুরবাড়িতে বেড়াতে গিয়েছিলাম, ফিরে এসেই এমন চুরির ঘটনা নজরে এল।

# মানবাধিকার কমিশনে লাঠিচার্জের নালিশ

### পুলিশের পক্ষে তৃণমূলের মিছিল

**সুবীর মহন্ত**

**বালুরঘাট, ২১ এপ্রিল :** দক্ষিণ দিনাজপুর জেলা পুলিশের কয়েকজন আধিকারিক এবং বালুরঘাট থানার পুলিশ অফিসারদের বিরুদ্ধে জাতীয় মানবাধিকার কমিশনে নালিশ জানাল জেলা বিজেপি। পাশাপাশি রাজ্য পুলিশের ডিআইজি, কেন্দ্রীয় তপশিলি জাতি কমিশন ও কেন্দ্রীয় তপশিলি উপজাতি কমিশনেও ওই ব্যাপারে নালিশ জানিয়েছেন বিজেপি জেলা সভাপতি স্বরূপ চৌধুরী। তিনি এই ঘটনার তদন্ত সহ অভিযুক্ত পুলিশ অফিসারদের শাস্তির দাবি জানিয়েছেন।

গত শনিবার বিজেপির প্রতিবাদ কর্মসূচিকে কেন্দ্র করে অশান্তির জেরে রবিবারই কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার সহ ৯০ জনের বিরুদ্ধে সুয়োমোটো মামলা শুরু করেছে বালুরঘাট থানার পুলিশ। পুলিশের উপর হামলা, সরকারি সম্পত্তি নষ্ট সহ একাধিক ধারায় স্বতঃপ্রণোদিত রুজু হওয়া ওই মামলার তদন্তে নেমে চকভৃগু এলাকার এক বিজেপি কর্মীকে গ্রেপ্তার করেছে বালুরঘাট থানার পুলিশ। ধৃত সন্তু সরকার নামে ওই বিজেপি কর্মীকে বালুরঘাট আদালতে পেশ করা হয়েছে। এরপরই সোমবার পুলিশ অফিসারদের বিরুদ্ধে মানবাধিকার কমিশন সহ বিভিন্ন জায়গায় অভিযোগ করল বিজেপি।

যদিও পুলিশকে সমর্থন করে সোমবার রাস্তায় নামল তৃণমূলের বালুরঘাট শহর কমিটি। এদিন বালুরঘাট থানার সামনে ধিক্কার পথসভা করে বিজেপির বিরুদ্ধে হামলার নিন্দা ও পুলিশকে সমর্থন করা হয়। বালুরঘাট শহর সভাপতি প্রীতম রাম মণ্ডলের অভিযোগ, 'বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের নেতৃত্বে গত ১৯ এপ্রিল বিজেপি পার্টির বিক্ষোভ কর্মসূচিতে মহিলা কর্মী সহ পুলিশ প্রশাসনের উপর যে নির্মমভাবে হামলা করা হয়, প্রশাসনিক ব্যবস্থাকে ভেঙে ফেলার চক্রান্ত করা হয়েছিল। তার প্রতিবাদেই এদিন আমাদের কর্মসূচি।'

এবিষয়ে বিজেপির জেলা সভাপতি স্বরূপ চৌধুরীর দাবি, 'আমাদের শান্তিপূর্ণ আন্দোলনে পুলিশ লাঠি চালিয়েছে। পুলিশি মারে আমাদের জেলা সাধারণ সম্পাদকের মাথায় আঘাত লেগেছে। মাথায় রক্ত জমাট বেঁধেছে। তাঁকে চিকিৎসার জন্য কলকাতায় নিয়ে যাওয়া হয়েছে। আরও অনেক নেতা-কর্মী জখম হয়েছেন। উলটে আমাদের বিরুদ্ধেই মিথ্যে মামলা দায়ের করেছে পুলিশ। আমরা সমস্ত বিষয়টি লিখিতভাবে রাজ্য পুলিশের হেডকোয়ার্টার জাতীয় মানবাধিকার কমিশন সহ নানা জায়গায় তদন্ত ও উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য জানিয়েছি।'

যদিও এ প্রসঙ্গে জেলা পুলিশ সুপার চিন্ময় মিত্তাল বলেন, 'পুলিশের উপর হামলার মামলায় একজনকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতকে সোমবার বালুরঘাট আদালতে পেশ করা হয়েছে। বিজেপির তরফ থেকে কোনও অভিযোগ আমরা পাইনি।'

# দলে পঞ্চায়েত সমিতির সভাপতিকে নিয়ে ক্ষোভ

**শেখ পান্না**

**রতুয়া, ২১ এপ্রিল :** পঞ্চায়েত তৃণমূলের। অথচ পঞ্চায়েত সমিতির সভাপতিকে নিয়ে ক্ষোভ দলেই। দলের একাংশ তাঁর বিরুদ্ধে নানা অভিযোগ তুলে জেলা প্রশাসন থেকে শুরু করে শীর্ষনেতৃত্বের কাছে অভিযোগ জানিয়েছে। অভিযোগ করেছে বিভিন্ন মহলে। এই কাদা ছোড়াছুড়ি রতুয়া-২ নম্বর পঞ্চায়েতে। যদিও সব অভিযোগ অস্বীকার করেছেন সভাপতি।

রতুয়া-২ নম্বর পঞ্চায়েতের পঞ্চায়েত সমিতির সভাপতি আমিরুদ্দিনের বিরুদ্ধে সরব হয়েছেন পূর্ত কর্মাধ্যক্ষ মহম্মদ নইমুদ্দিন। তিনি বলেন, 'আমিরুদ্দিন দলের ভোটে নির্বাচিত প্রতিনিধি নন। বিরোধী দলের সদস্যদের ভোটাভুটিতে পঞ্চায়েত সমিতির সভাপতি নির্বাচিত হয়েছেন। বীরভূমের স্থায়ী বাসিন্দা হওয়া সত্ত্বেও ভোটার কার্ডের ঠিকানা রতুয়া-২ নম্বর ব্লকের পিরগঞ্জের। তার দৌলতে ভোটে প্রতিদ্বন্দ্বিতা করেন।'

নইমুদ্দিন আরও বলেন, 'আমিরুদ্দিনের জন্য এলাকার উন্নয়ন থমকে রয়েছে। উনি কোনও বৈঠকে হাজির থাকেন না। ব্লক প্রশাসন ও ঠিকাদারের বিরুদ্ধে মিথ্যা মামলার হুমকি দেখিয়ে উন্নয়ন আটকে রেখেছেন। পঞ্চায়েত সমিতির সহ সভাপতি এবং অন্য কর্মাধ্যক্ষকে সঙ্গে নিয়ে আমরা কাজ করার চেষ্টা করছি। আর উনি আমাদের সম্পর্কে ভাঙন ধরাতে উঠেপড়ে লেগেছেন। আমরা রাজ্য নেতৃত্ব এবং জেলা শাসককে লিখিত জানিয়েছি।' তাঁর বিরুদ্ধে আঙুল তুলেছেন বিরোধী দলনেতা কংগ্রেসের আবদুল মান্নান। অথচ তাদের দলের সদস্যরাই আমিরুদ্দিনকে ভোট দিয়েছিলেন। আবদুল মান্নান বলেন, 'আমাদের নির্বাচিত সদস্যদের সমর্থনে পঞ্চায়েত সমিতির সভাপতি হয়েছিলেন আমিরুদ্দিন। দীর্ঘদিন ধরে পঞ্চায়েতে কোনও কাজ হচ্ছে না। তিনি দুর্নীতিগ্রস্ত লোক। সভাপতির বিরুদ্ধে তার দলেরই কর্মাধ্যক্ষরাই ক্ষিপ্ত। স্কিম করে দেওয়ার নামে কাটমানি খাচ্ছেন আমিরুদ্দিন। তৃণমূল কেন তাঁর বিরুদ্ধে পদক্ষেপ করছে না, জানি না। ইচ্ছা করলেই সরিয়ে দিতে পারে।'

> আমিরুদ্দিনের জন্য এলাকার উন্নয়ন থমকে রয়েছে। উনি কোনও বৈঠকে হাজির থাকেন না। ব্লক প্রশাসন ও ঠিকাদারের বিরুদ্ধে মিথ্যা মামলার হুমকি দেখিয়ে উন্নয়ন আটকে রেখেছেন। পঞ্চায়েত সমিতির সহ সভাপতি এবং অন্য কর্মাধ্যক্ষকে সঙ্গে নিয়ে আমরা কাজ করার চেষ্টা করছি।
>
> **মহম্মদ নইমুদ্দিন,** পূর্ত কর্মাধ্যক্ষ

নিজের বিরুদ্ধে ওঠা সমস্ত অভিযোগ অস্বীকার করেছেন আমিরুদ্দিন। বলেন, 'আমি দায়িত্বশীল লোক। মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুগামী। অনিয়ম হলে আমি তাতে বাধা দেবই। ঠিকাদার নিয়ম মেনে কাজ করছেন না। যাঁরা আমার বিরুদ্ধে অভিযোগ তুলেছেন, তারা নিজেরাই দুর্নীতিগ্রস্ত।'

## তিনটি ঝুলন্ত দেহ উদ্ধার

**পুরাতন মালদা ও পতিরাম, ২১ এপ্রিল :** সোমবার সকালে পুরাতন মালদা ব্লকের মঙ্গলবাড়ি পঞ্চায়েতের গোবিন্দপুরে একটি বাড়ি থেকে এক মহিলার দেহ উদ্ধার হয়। মৃতের নাম পাকালু হেমরম (৩৭)। ঘটনায় এলাকায় চাঞ্চল্য তৈরি হয়েছে। একই দিনে সাহাপুরের বাজারপাড়া কালীবাগান থেকে উদ্ধার হয়েছে এক তরুণের ঝুলন্ত দেহ। মৃতের নাম জিৎ ঘোষ (১৯)। অপরদিকে, রবিবার সন্ধ্যায় পতিরাম থানার অন্তর্গত নাজিরপুর থেকে ষাটোর্ধ্ব বয়স্কা মহিলার অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। মৃতার নাম মিনতি সরকার।

পুলিশসূত্রে খবর, গোবিন্দপুরের পাকালু হেমরমের স্বামী চন্দ্রায় কিস্কু রবিবার পাশের গ্রামে তাঁর এক আত্মীয়ের বাড়ি গিয়েছিলেন। এদিন সকালে শোয়ার ঘর থেকে পাকালুর দেহ উদ্ধার হয়। মৃত্যুর কারণ এখনও পর্যন্ত স্পষ্ট নয়। পুলিশ তদন্তে নেমেছে।

এদিকে, পুরাতন মালদা ব্লকের সাহাপুর বাজারপাড়া কালীবাগান এলাকায় সোমবার সকালে এক তরুণের অস্বাভাবিক মৃত্যু ঘিরে চাঞ্চল্য তৈরি হয়। মৃতের নাম জিৎ ঘোষ (১৯)। ঘটনার সময় পরিবারের সদস্যরা বাড়ির বাইরে ছিলেন। অভিযোগ, জিৎ শোয়ার ঘরের দরজা বন্ধ করে গলায় ফাঁস লাগায়। পরিবারের লোকেরা বাড়ি ফিরে দরজা বন্ধ দেখে ডাকাডাকি শুরু করেন। সাড়া না পাওয়ায় দরজা ভেঙে ভেতরে ঢুকে দেখেন জিতের ঝুলন্ত দেহ। পরে মালদা থানার পুলিশ এসে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মালদা মেডিকেলে পাঠিয়েছে।

মৃতের বাবা মহাদেব ঘোষ জানান, তিনি সকালে কাজের জন্য বাইরে গিয়েছিলেন এবং বাড়ি ফিরে এসে দেখেন ছেলের শোয়ার ঘর বন্ধ। ডাকাডাকি করেও সাড়া না পাওয়ায় প্রতিবেশীদের ডেকে পাঠান। দরজা ভেঙে দেখেন ছেলের ঝুলন্ত দেহ।

স্থানীয় পঞ্চায়েত সদস্য রনি ঘোষ বলেন, 'পুলিশ তদন্ত করছে। আমরা মৃতের পরিবারের পাশে রয়েছি।'

অপরদিকে পতিরাম থানার অন্তর্গত নাজিরপুরে রবিবার সন্ধ্যায় ষাটোর্ধ্ব এক মহিলার অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে চাঞ্চল্য তৈরি হয়। মৃতার নাম মিনতি সরকার। পরিবার জানিয়েছে, সন্ধ্যায় বাড়ির সিঁড়ির ঘরে মিনতিকে ঝুলন্ত অবস্থায় দেখতে পাওয়া যায়। সঙ্গে সঙ্গে তাঁকে উদ্ধার করে বালুরঘাট জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। পতিরাম পুলিশ তদন্ত শুরু করেছে।

## বিয়ে রুখল প্রশাসন

**হরিশ্চন্দ্রপুর, ২১ এপ্রিল :** গোপন সূত্রে খবর পেয়ে মালদা জেলা চাইল্ড লাইনের সহযোগিতায় হরিশ্চন্দ্রপুর থানার অন্তর্গত দৌলতপুর পঞ্চায়েতের একটি গ্রামে এক মাধ্যমিক পরীক্ষার্থীর বিয়ে আটকে দিল হরিশ্চন্দ্রপুর পুলিশ প্রশাসন। বিয়ে হওয়ার কথা ছিল আগামী মঙ্গলবার। অপরিণত বয়সে মেয়েটিকে পরিবার বিয়ে দেবে না। এই মর্মে পুলিশ প্রশাসন এবং চাইল্ড লাইনকে পরিবারের তরফে মুচলেকা দেওয়া হয়।

জেলা চাইল্ড লাইনের আধিকারিক বিকাশ রাম জানান, 'রবিবার গোপন সূত্রে খবর পেয়ে আমরা পুলিশ প্রশাসনকে সঙ্গে নিয়ে এই বিয়ে বন্ধ করিয়েছি। পরিবারের থেকে মুচলেকা নেওয়া হয়েছে। একটি সেন্ট্রাল পোর্টালের মাধ্যমে ওই নাবালিকার সম্পর্কে সমস্ত তথ্য জমা রাখব। ১৮ বছর আগে মেয়েটির যাতে বিয়ে না হয়, সে ব্যাপারে ব্লক প্রশাসনকে নজরদারি চালাতে বলা হয়েছে।'

### অশ্লীল মেসেজে সম্মান নষ্ট, থানায় অভিযোগ

# অধ্যাপকের নামে ভুয়ো প্রোফাইল

**পঙ্কজ মহন্ত**

**বালুরঘাট, ২১ এপ্রিল :** সাইবার দুষ্কৃতীর খপ্পরে এবার আইন কলেজের অধ্যাপক। বালুরঘাট আইন কলেজের ইংরেজি বিভাগের অধ্যাপক নান্টু দাসের সোশ্যাল মিডিয়ার মাধ্যমে ভুয়ো প্রোফাইল তৈরি করে সম্মানহানির চেষ্টার অভিযোগ উঠল বালুরঘাটে। দক্ষিণ দিনাজপুর জেলা সাইবার ক্রাইম থানার দ্বারস্থ হয়েছেন ওই অধ্যাপক। বিষয়টি নজরে পড়তেই রবিবার বিকেলে থানায় লিখিত অভিযোগ জানিয়েছেন তিনি। ঘটনার তদন্ত শুরু হয়েছে। বিষয়টি নিয়ে যথেষ্ট আতঙ্কিত ওই অধ্যাপক।

বালুরঘাট আইন কলেজের যথেষ্ট সুনাম রয়েছে। সেই কলেজে দীর্ঘদিন ধরে শিক্ষকতার সঙ্গে যুক্ত নান্টুবাবু। প্রাক্তন ছাত্রছাত্রী থেকে শুরু করে সহকর্মী সকলেরই প্রিয়। তারই ভুয়ো প্রোফাইল বানানো হয়েছে ইনস্টাগ্রামে। যেখান থেকে অনবরত একাধিক ছাত্রছাত্রীকে অকথ্য ভাষায় মেসেজ করা হচ্ছে বলে অভিযোগ। এমনকি সহকর্মীদের খুনের হুমকি পর্যন্ত দেওয়া হচ্ছে ওই প্রোফাইল থেকে। এখানেই রেহাই দেয়নি সাইবার দুষ্কৃতীরা। ওই ভুয়ো প্রোফাইল থেকে ধর্ষণের হুঁশিয়ারি পর্যন্ত দেওয়া হচ্ছে বলে অভিযোগ। যে প্রোফাইলে ছবি দেওয়া রয়েছে শিক্ষক নান্টুবাবুর। ঘটনায় যথেষ্টই ভীত ওই শিক্ষক। অবিলম্বে দোষীদের চিহ্নিত করে উপযুক্ত শাস্তির দাবি জানিয়েছেন তিনি। তার সামাজিক পরিচিতি খারাপ করার জন্যই দুষ্কৃতীরা এমনটা করছে বলে অধ্যাপকের দাবি।

> কলেজেরই কোনও পড়ুয়া বা অন্য কেউ আমার বদনাম করার জন্য এমন চক্রান্ত করছে। আমার একটাই ইনস্টাগ্রাম অ্যাকাউন্ট। কিন্তু একটি পুরোনো ছবি নিয়ে ভুয়ো প্রোফাইল খুলে ছাত্রছাত্রীদের অশ্লীল মেসেজ করা হচ্ছে। ভাবমূর্তি নষ্ট করার কুমতলবেই এমনটা করা হচ্ছে।
>
> **নান্টু দাস,** অধ্যাপক, বালুরঘাট আইন কলেজ

বালুরঘাট আইন কলেজের অধ্যাপক নান্টু দাস বলেন, 'কলেজেরই কোনও পড়ুয়া বা অন্য কেউ আমার বদনাম করার জন্য এমন চক্রান্ত করছে। আমার একটাই ইনস্টাগ্রাম অ্যাকাউন্ট। কিন্তু একটি পুরোনো ছবি নিয়ে ভুয়ো প্রোফাইল খুলে ছাত্রছাত্রীদের অশ্লীল মেসেজ করা হচ্ছে। ভাবমূর্তি নষ্ট করার কুমতলবেই এমনটা করা হচ্ছে। ইতিমধ্যেই পরিচিতদের অন্য কোনও প্রোফাইল থেকে খারাপ মন্তব্য গেলে সাইবার ক্রাইমে যাওয়ার কথা বলেছি। আমার পাশাপাশি কলেজেরও সুনাম নষ্ট হচ্ছে।'

বালুরঘাট সদর ডিএসপি বিক্রম প্রসাদ জানান, 'ওই শিক্ষকের লিখিত অভিযোগ জমা পড়েছে। ঘটনার তদন্ত শুরু হয়েছে।'

# পারিবারিক বিবাদের জেরে গুজব, ধৃত চার

**রায়গঞ্জ, ২১ এপ্রিল :** বাড়ির সামনের রাস্তা দিয়ে মাটি নিয়ে যাওয়াকে কেন্দ্র করে দুই পরিবারের বচসা থেকে হাতাহাতির ঘটনায় উত্তেজনা ছড়াল রায়গঞ্জ শহর সংলগ্ন সুভাষগঞ্জের বাসুদেবপুর এলাকায়। দুই পরিবারের মারামারিতে জখম হয়েছেন উভয় পক্ষের কয়েকজন। পুলিশ ও স্থানীয় বাসিন্দারা আহতদের উদ্ধার করে রায়গঞ্জ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তির ব্যবস্থা করে।

জখমদের নাম বিধান মজুমদার, রিতা মজুমদার, ফণীভূষণ মজুমদার ওরফে বিদ্যুৎ। অন্যদিকে, অপর পক্ষের রূপসানা খাতুন নামে এক গৃহবধূর মাথা ফাটিয়ে দেওয়া হয়েছে। আহতরা সকলেই রায়গঞ্জ মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন।

রূপসানাদের বাড়ির সামনে দিয়ে প্রতিবেশী বিধান মজুমদারের স্ত্রী মাথায় করে মাটি নিয়ে যাচ্ছিলেন। সেই সময় ঝুড়ি থেকে রাস্তায় মাটি পড়তে থাকে। বাড়ির সামনে মাটি পড়ে নোংরা হওয়ায় প্রতিবাদ করেন রূপসানা। তা নিয়েই দুই পরিবারের মধ্যে বচসা হাতাহাতিতে গড়ায়। অভিযোগ, রূপসানা খাতুনের মাথা ফাটিয়ে দেওয়া হয়। পালটা বিধান মজুমদারের পরিবারকেও মারধর দেওয়া হয় বলে অভিযোগ।

খবর পেয়ে রায়গঞ্জ থানার বিশাল পুলিশবাহিনী গিয়ে পরিস্থিতি সামাল দেয়। রায়গঞ্জ থানার আইসি বিশ্বাশ্রয় সরকার বলেন, 'চারজনকে গ্রেপ্তার করা হয়েছে। ঘটনার তদন্ত চলছে।' এদিকে এই ঘটনা প্রসঙ্গে রায়গঞ্জ পুলিশ জেলার ফেসবুক পেজে একটি সতর্কতামূলক পোস্ট করে জানানো হয়, 'রায়গঞ্জ থানা এলাকার বাসুদেবপুরে রাস্তা বানানোর সরকারি মাটি তোলাকে কেন্দ্র করে আজ দুই পরিবারের মধ্যে কথা কাটাকাটি এবং মারামারি হয়, যাতে দুই সম্প্রদায়ের দুই পরিবারের লোকেরাই সামান্য আহত হয়। রায়গঞ্জ থানা খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছে যায় এবং দুই পক্ষের দু'জন করে ব্যক্তিকে আটক করে। এলাকা সম্পূর্ণ শান্ত রয়েছে এবং পুলিশি টহল চলছে।'

পুলিশের অভিযোগ, 'এই পারিবারিক বিবাদকে ঘিরে কোনও কোনও মহল থেকে বিভ্রান্তিকর অপপ্রচার করে সাম্প্রদায়িক অশান্তি তৈরির অপচেষ্টা চলছে। যে বা যাঁরা এটা করছেন, তাঁদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হবে।' গুজবে কান না দেওয়ারও অনুরোধ জানানো হয়েছে রায়গঞ্জ জেলা পুলিশের তরফে। ঘটনায় আহত বিধান মজুমদার বলেন, 'অভিযুক্তরা আমাদের বাড়িঘর ভেঙে দিয়েছে ওরা। বাড়ির জিনিসপত্রও লুঠ করেছে।' অন্যদিকে, জখম রূপসানা খাতুন বলেন, 'ওরা যে ধরনের অভিযোগ করছে তা সম্পূর্ণ মিথ্যে।'

# বাড়ি ফেরার পথে ট্রেনে মৃত্যু পরিযায়ীর

**হরিশ্চন্দ্রপুর, ২১ এপ্রিল :** বাড়িতে এতটাই অভাব যে ছেলেকে বাধ্য হয়ে ভিন রাজ্যে পাঠিয়েছিলেন বাবা। আর সেই ছেলে অকালে চলে যাবে, সেটা না বাবা মা কল্পনা করতে পারছেন, না বাড়ির লোক, না এলাকার বাসিন্দারা।

ভিন রাজ্য কাজ করতে গিয়ে মৃত্যু হল হরিশ্চন্দ্রপুরের ভিঙ্গল গ্রামের পরিযায়ী রাকিবুল ইসলামের (১৭)। তিনি দিল্লির একটি কারখানায় কাজ করত। গত কয়েকদিন ধরে অসুস্থ ছিল রাকিবুল। রক্তবমিও করে। দিল্লির একটি হাসপাতালে ভর্তি ছিল নাবালক পরিযায়ী। গত শনিবার একজনকে সঙ্গে নিয়ে বাড়ি ফেরার জন্য দিল্লি থেকে রওনা দেয় রাকিবুল। গতকাল আসার পথে ট্রেনের মধ্যেই অসুস্থ হয়ে পড়ে। মজফফরপুর স্টেশনে ট্রেনের মধ্যেই মৃত্যু হয় রাকিবুলের। এদিন সকালে দেহ গ্রামে ফেরে।

**হরিশ্চন্দ্রপুর**

ছেলের মৃত্যুতে মানসিকভাবে ভেঙে পড়েছে বাবা আব্দুল সিদ্দিকী। তিনি টোটোচালক। আফসোস করছেন রোজগারের জন্য রাকিবুলকে ভিন রাজ্যে পাঠিয়ে দেওয়ায়। আব্দুল সিদ্দিকী বলেন, 'এক ভাই এবং এক বোন। রাকিবুল বড়। বাড়িতে চরম অভাব রয়েছে। তাই, ছেলেকে কাজের জন্য বাইরে পাঠিয়েছিলাম। এইভাবে ছেলেকে হারাতে হবে ভাবতেই পারছি না।'

স্থানীয় শিক্ষক রফিকুল আলম বলেন, 'এলাকায় কাজের অভাব রয়েছে। তাই বুড়ো থেকে বাচ্চারাও রোজগারের আশায় এখন ভিনরাজ্যে পাড়ি দিচ্ছে। ফিরছে কফিনবন্দি হয়ে। অথচ নির্বিকার এলাকার জনপ্রতিনিধি এবং প্রশাসন। কর্মসংস্থানের কোনও উদ্যোগ তাদের মধ্যে দেখা যাচ্ছে না।'

খবর পেয়ে সকালেই রাকিবুলের বাড়ি চলে যান মন্ত্রী তজমুল হোসেন। বলেন, 'খুবই মর্মান্তিক ঘটনা।' তিনি পরিবারের পাশে থাকার আশ্বাস দিয়েছেন।

## দুর্ঘটনায় জখম বধূ

**হরিশ্চন্দ্রপুর, ২১ এপ্রিল :** রাত বাড়লে হরিশ্চন্দ্রপুরের বিভিন্ন সড়ক দিয়ে তীব্র গতিতে ছুটে চলেছে ডাম্পার। গতকাল গভীর রাতে এক গৃহবধুর পায়ের উপর দিয়ে চলে গেল বেপরোয়া ডাম্পার। ঘটনাটি ঘটেছে রবিবার রাত আটটা নাগাদ কুশিদাগামী রাজ্য সড়কে রশিদাবাদ পঞ্চায়েতের খোসালপুর গ্রামে। জখম বধূর নাম খালেদা খাতুন (২৫)। বাড়ি চাঁচল থানার কোনুয়া এলাকার গোরোখপুর গ্রামে।

রাতে এক আত্মীয়ের বাইকে চেপে বাড়ি ফিরছিলেন খালেদা। খোসালপুর এলাকায় বাইকটি একটি ডাম্পারকে ওভারটেক করতে গিয়েই এই দুর্ঘটনা ঘটে। সেসময় পড়ে গিয়ে ডাম্পারের চাকায় পা ঢুকে যায় বধূর। স্থানীয় বাসিন্দারা তাঁকে উদ্ধার করে হরিশ্চন্দ্রপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা চাঁচল সুপারস্পেশালিটি হাসপাতালে রেফার করেন। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে হরিশ্চন্দ্রপুর থানার পুলিশ। পাথরবোঝাই ডাম্পার ও বাইকটিকে আটক করা হয়েছে।

## মুখোমুখি সংঘর্ষে আহত

**হরিশ্চন্দ্রপুর, ২১ এপ্রিল :** চাঁচল হরিশ্চন্দ্রপুর ৩১ নম্বর জাতীয় সড়কে লরি এবং চার চাকার মুখোমুখি সংঘর্ষে আহত হলেন ওই চার চাকার চালক। রবিবার গভীর রাতে ৩১ নম্বর জাতীয় সড়কের কনুয়া বিএড কলেজে এলাকার ঘটনা।

রবিবার চাঁচলের দিক থেকে একটি চার চাকা হরিশ্চন্দ্রপুরের দিকে যাচ্ছিল। অপরদিকে হরিশ্চন্দ্রপুর থেকে একটি লরি চাঁচলের দিকে যাচ্ছিল। দুই গাড়ি দ্রুতগতিতে থাকায় কনুয়া বিএড কলেজে এলাকায় মুখোমুখি সংঘর্ষ হয়। ঘটনার জেরে এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। ঘটনায় জখম হয় ১ জন। স্থানীয় বাসিন্দাদের প্রচেষ্টায় ওই জখম ব্যক্তিকে চাঁচল মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এদিকে দুর্ঘটনার জেরে জাতীয় সড়কে রাতভর ব্যাপক যানজট সৃষ্টি হয়।

# নিখোঁজ শ্রমিকের দেহ পড়ে ধানখেতে

**গঙ্গারামপুর, ২১ এপ্রিল :** দুইদিন নিখোঁজ থাকার পর ধানখেত থেকে উদ্ধার হল এক শ্রমিকের দেহ। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে গঙ্গারামপুরে। মৃতের নাম বুবাই মুর্মু (৪৫)। বাড়ি গঙ্গারামপুর থানার পার্বতীপুরের ডিগডিগি গ্রামে। বুবাইয়ের মৃত্যুর কারণ নিয়ে ধোঁয়াশা সৃষ্টি হয়েছে।

পেশায় শ্রমিক বুবাই প্রতিদিনের মতো শনিবার সকালে কাজের সন্ধানে বাড়ি থেকে বের হয়। তারপর আর বাড়ি ফেরেননি। পরিবারের লোকজন বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করেও তাঁকে খুঁজে পায়নি। সোমবার দুপুর গড়াতে স্থানীয় পার্বতীপুর কানাহার গ্রামের ধানখেতের মধ্যে তাঁকে পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। ঘটনায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়। খবর পেয়ে গঙ্গারামপুর থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাঁকে গঙ্গারামপুর সুপারস্পেশালিটি হাসপাতালে নিয়ে যায়। কিন্তু সেখানে চিকিৎসকরা তাঁকে মৃত বলে জানিয়ে দেন। যদিও কীভাবে বুবাইয়ের মৃত্যু হল, তা নিয়ে ধোঁয়াশায় রয়েছে পরিবার।

**গঙ্গারামপুর**

অপরদিকে বিষপানে মৃত্যু হয়েছে গঙ্গারামপুর মহারাজপুরের এক তরুণের। মৃতের নাম পলান সরকার (২২)। পরিবারের দাবি, বেশ কিছুদিন ধরে মানসিক অবসাদে ভুগছিলেন পলান। রবিবার সন্ধ্যায় বিষপানের বিষয়টি পরিবারের লোকজনের নজরে আসলে তাঁকে তড়িঘড়ি উদ্ধার করে গঙ্গারামপুর সুপারস্পেশালিটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসকরা তাঁকে মৃত বলে জানিয়ে দেয়। গঙ্গারামপুর থানার পুলিশ মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বালুরঘাট সদর হাসপাতালে পাঠায়।

# বালুরঘাট জেলা পরিষদে পরিবেশবান্ধব পার্ক

### জিরো কার্বন মিশনের লক্ষ্যে 'সৌন্দর্যায়ন'

**রূপক সরকার**

**বালুরঘাট, ২১ এপ্রিল :** দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদকে আরও সুন্দর করে সাজাতে একাধিক উদ্যোগ নেওয়া হয়েছে। ইতিমধ্যে জেলা পরিষদ ভবন চত্বরকে পরিবেশবান্ধব হিসেবে গড়ে তোলা হচ্ছে। ভবন চত্বরে তৈরি করা হচ্ছে পার্ক। যেখানে শুধু বাচ্চারা খেলা করা নয়, সাধারণ মানুষ আড্ডাও দিতে পারবেন। সকাল বিকেল সময় কাটাতে পারবেন। দীর্ঘদিন ধরে চলা পার্কের কাজ প্রায় শেষের দিকে। খুব তাড়াতাড়ি এই পার্কের উদ্বোধন করা হবে।





শিশুদের মন কাড়তে পার্কে বসেছে হাতি, হরিণের স্ট্যাচু। - মাজিদুর সরদার

প্রায় বছর দুয়েক আগে বর্তমান তৃণমূল বোর্ড দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদের দায়িত্ব নেন। এরপরই নতুন বোর্ড জেলা পরিষদকে সুসজ্জিত করার জন্য একাধিক উদ্যোগ নেয়। পাশাপাশি পুরো জেলা পরিষদ চত্বরকে পরিবেশবান্ধব হিসাবে গড়ে তোলা হচ্ছে। ইতিমধ্যেই জেলা পরিষদ ভবন চত্বরে ধূমপান নিষিদ্ধ করা হয়েছে। যার পোস্টার জেলা পরিষদে প্রবেশ করতেই নজরে আসবে। এছাড়াও প্লাস্টিকের ব্যবহার বন্ধ করা হয়েছে। পুরোনো জঙ্গল পরিষ্কার করা হয়েছে। গোটা জেলা পরিষদ ভবন চত্বরে লাগানো হয়েছে সোলার লাইট। এছাড়াও গোটা ভবন সৌরবিদ্যুতে চালানোর জন্য বসানো হচ্ছে সোলার প্যানেল। প্রায় ২০ কিলো ওয়াটের সোলার প্যানেল বসবে জেলা পরিষদের ছাদে। এছাড়াও জেলা পরিষদে প্রবেশের পাশেই তৈরি হচ্ছে পার্ক। যেখানে থাকছে হাতি, হরিণ সহ অন্যান্য পশুর স্ট্যাচু। যা মন কাড়বে আট থেকে আশির। এছাড়াও পার্কে রয়েছে একাধিক বসার জায়গা। থাকছে অত্যাধুনিক আলো, সবুজে ঘেরা থাকছে পার্কের পাদদেশ। পার্কের মধ্যে দিয়ে হাঁটার জন্য থাকছে কংক্রিটের রাস্তা। খুব দ্রুত এই পার্কের শুভ উদ্বোধন করা হবে বলে জানা গিয়েছে। জেলা পরিষদের বিভিন্ন ফান্ড থেকে এর জন্য কয়েক লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদের সহকারী সভাধিপতি অম্বরিশ সরকার বলেন, 'আমরা জেলা পরিষদে আসার পর একটি জিনিস লক্ষ করেছিলাম, যে জেলা পরিষদ ভবন অগোছালো অবস্থায় ছিল। অনেক পুরোনো জিনিস ছিল। যেগুলো ব্যবহার যোগ্য নয়। সেগুলো আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল পুরো চত্বরকে পরিষ্কার পরিচ্ছন্ন করা হবে। তার একটি পার্ট সৌন্দর্যায়ন। দেখতে সুন্দর হলে যারা কাজে জেলা পরিষদে আসেন তাদেরও ভালো হবে। কাজ করতে আমাদেরও ভালো লাগবে।'

অতিরিক্ত জেলা শাসক (দক্ষিণ দিনাজপুর) নবীনকুমার চন্দ্র বলেন, 'গোটা জেলা পরিষদ চত্বরকে নতুন করে সাজানো হচ্ছে। জিরো কার্বন মিশন নেওয়া হয়েছে। যার কাজ ধাপে ধাপে চলছে। যার মধ্যে অন্যতম জেলা পরিষদের পার্ক।'

# মালদা স্টেশনে সিসিটিভি মেরামত

**মালদা, ২১ এপ্রিল :** তিনদিন আগে মালদা টাউন স্টেশনের নিরাপত্তার বেহাল অবস্থার দিকটি তুলে ধরেছিল উত্তরবঙ্গ সংবাদ। স্টেশন চত্বরের ৫২টি ক্যামেরা বিকল হয়ে থাকার খবর প্রকাশিত হওয়ায় নড়েচড়ে বসল রেল কর্তৃপক্ষ। স্টেশনের বেশিরভাগ ক্যামেরার লাইভ ফিড চালু করা হয়েছে। তবে এখনও সব ক্যামেরার রেকর্ডিং হচ্ছে না। সেই কাজও চলছে।

স্টেশনে প্রায় কুড়ি দিন ধরে ক্যামেরাগুলি বন্ধ হয়ে পড়ে ছিল। বিষয়টি মেনে নিয়েছেন পূর্ব রেলের মালদা ডিভিশনের ডিআরএম মনীশকুমার গুপ্ত। তিনি বলেন, 'সফটওয়্যার সংক্রান্ত সমস্যার কারণে স্টেশনের ৫২টি সিসি ক্যামেরা বন্ধ হয়ে ছিল। সেগুলি ঠিক করার কাজ চলছে। ইতিমধ্যে বেশিরভাগ ক্যামেরা ঠিক হয়ে গিয়েছে।'

রেল দপ্তর ও আরপিএফ সূত্রে খবর, এই মুহূর্তে মালদা টাউন স্টেশনের ৫১টি সিসি ক্যামেরার লাইফ ফিড দেখতে পাচ্ছেন আধিকারিকরা। এখনও ৩২টি ক্যামেরার রেকর্ডিং হচ্ছে না। টেকনিসিয়ানরা সেগুলি তাড়াতাড়ি ঠিক করার কাজ করছেন।

# মালদায় স্কুল কুইজ ফেস্ট

**মালদা, ২১ এপ্রিল :** মালদা কুইজ ফোরামের উদ্যোগে মালদা টাউন হলে আয়োজন হতে চলেছে রাজ্যস্তরের স্কুল কুইজ ফেস্ট। মঙ্গলবার ওই অনুষ্ঠানটি হবে। সেখানে উত্তর ও দক্ষিণবঙ্গের ১৬টি স্কুলের পড়ুয়ারা ফেস্টে অংশগ্রহণ করবেন।

আয়োজক সংস্থার সম্পাদক শিক্ষক কনকেন্দু মোদক জানান, 'বেসরকারিভাবে এই প্রথম রাজ্যে এধরনের অনুষ্ঠান আয়োজন করা হচ্ছে। ইতিমধ্যে বাছাই পর্ব শেষ হয়েছে।'

সংস্থার সভাপতি দীপক চৌধুরীর মন্তব্য, 'উত্তরবঙ্গের সাতটি স্কুলের পড়ুয়াদের অংশগ্রহণের পাশাপাশি দক্ষিণবঙ্গের সাতটি স্কুলওঅংশগ্রহণ করবে।'

অনুষ্ঠানের মুখ্য উপদেষ্টা প্রসেনজিৎ দাসের বক্তব্য, 'এই ধরনের উদ্যোগ ছাত্রছাত্রীদের সাধারণ জ্ঞানের পরিধি বাড়িয়ে তোলার ক্ষেত্রে সহায়ক হবে।' মঙ্গলবার উদ্বোধন পর্বে গৌড়বঙ্গের উপাচার্য পবিত্র চট্টোপাধ্যায়, জেলা শাসক নীতিন সিংহানিয়া প্রমুখ হাজির থাকতে পারেন বলে জানা গিয়েছে।

ওই অনুষ্ঠানকে ঘিরে ব্যাপক উৎসাহ উদ্দীপনা দেখা গিয়েছে শহরের বাসিন্দাদের মধ্যে।

## জরুরি তথ্য

### ব্লাড ব্যাংক

(সোমবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

| | |
|---|---|
| **মালদা মেডিকেল কলেজ** | |
| এ পজিটিভ | ২৭ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ২২ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ২৩ |
| এবি নেগেটিভ | ১ |
| ও পজিটিভ | ৫১ |
| ও নেগেটিভ | ২ |
| (এই সংখ্যা লোহিত রক্ত কণিকার) | |
| **রায়গঞ্জ মেডিকেল** | |
| এ পজিটিভ | ০ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ০ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ০ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ০ |
| ও নেগেটিভ | ০ |
| **বালুরঘাট হাসপাতাল** | |
| এ পজিটিভ | ১৯ |
| এ নেগেটিভ | ১ |
| বি পজিটিভ | ২৪ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ১ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ২১ |
| ও নেগেটিভ | ০ |

মালদা, পুরাতন মালদা, রায়গঞ্জ, বালুরঘাট, বুনিয়াদপুর, গঙ্গারামপুর ও কালিয়াগঞ্জ শহরের সাহিত্য, সংস্কৃতি, খেলাধুলো ও সামাজিক কর্মকাণ্ডের আগাম খবর আমাদের জানান ৮৯৪৪৮৫১৪৮৪ হোয়াটসঅ্যাপ নম্বরে।



*গঙ্গারামপুর শহরের ১৫ ও ১৮ নম্বর ওয়ার্ডের খ্রিস্টান ধর্মাবলম্বীরা সোমবার হোলি উৎসব পালন করলেন। প্রতি বছর গুডফ্রাইডের পরে এই উৎসব পালন করা হয়। এবারও তার ব্যতিক্রম হয়নি। ছবিটি তুলেছেন চয়ন হোড়।*

# কলেজপাড়া বাজার নিয়মিত পরিষ্কার হয় না

**দীপঙ্কর মিত্র**

**রায়গঞ্জ, ২১ এপ্রিল :** কয়েক ঘণ্টা টানা বৃষ্টি হলেই জলমগ্ন হয়ে পড়ে বাজার চত্বর। জল বেরোনোর ব্যবস্থা নেই। ভেতরের রাস্তাও খানাখন্দে ভরা। রাস্তার গর্তে জল জমে তৈরি হয় মরণফাঁদ। শুধু তাই নয়, বাজারের মধ্যস্থলে বেশ কিছু সিমেন্টের পিলার বছরের পর বছর দাঁড়িয়ে রয়েছে। কোনও শেড নেই। পাশাপাশি বাজার নিয়মিত পরিষ্কার হয়না।

রায়গঞ্জ শহরের ২৪ নম্বর ওয়ার্ডে ঠিক রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ের বিপরীতে রয়েছে কলেজপাড়া বাজার। এক সময় সকাল হলেই এই বাজারে ক্রেতা-বিক্রেতাদের ভিড়ে গমগম করত। কিন্তু বর্তমানে কেউ এই বাজারমুখী হচ্ছে না। উলটে এলাকার বাসিন্দারা রেলস্টেশন বাজার, বীরনগর রাসবিহারী মার্কেট, দেবীনগর বাজার ও মোহনবাটি বাজারে চলে যাচ্ছেন।

অভিযোগ, এই বাজারে আমদানি কম থাকায় সবজি, মাছ ও মাংসের দাম বেশি। ক্রেতা কমে যাওয়ায় বাজারের স্থায়ী ব্যবসায়ীরা ক্ষতির মুখে পড়েছেন। অথচ কলেজপাড়া এলাকায় রয়েছে রায়গঞ্জ মেডিকেল কলেজ, রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়, দমকল, পলিটেকনিক, বিডিও অফিস, রায়গঞ্জ জেলা সংশোধনাগার সহ একাধিক সরকারি প্রতিষ্ঠান। বহু চাকরিজীবী পড়ুয়ারা ভাড়া নিয়ে ওই এলাকায় থাকেন। বাজারের পরিকাঠামোর উন্নয়নের পাশাপাশি নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন এবং শাকসবজি ও মাছের দাম স্বাভাবিক রাখার ব্যাপারে বাজার কমিটির কাছে আবেদন জানিয়েছেন ক্রেতারা।

## ক্রমে খদ্দের কমায় উদ্বেগ



*কলেজপাড়া বাজারের চিত্র। সোমবার রায়গঞ্জে। - সংবাদচিত্র*

শহরবাসী শুভাশিস ভট্টাচার্য, শংকর বসাক বলেন, 'বাজারে ঢুকতে গেলেই নোংরা আবর্জনার দিকে চোখ যায়। নিয়মিত পরিষ্কার হয় না। বর্ষাকালে তো জলকাদা জমে থাকে।' ক্রেতাদের অভিযোগ প্রসঙ্গে কলেজপাড়া বাজার কমিটির সভাপতি অমিত করের সাফাই, 'পুরসভার সাফাইকর্মীরা নিয়মিত পরিষ্কার করেন না। খুব আবেদন-নিবেদন করলে মাঝেমধ্যে কাজ করে। ফলে নোংরায় ভরে যায়। তবে আমরা বাজার কমিটির তরফে সপ্তাহে একদিন সাফাইকর্মী লাগিয়ে পরিচ্ছন্ন রাখি।' বাজার কমিটির সম্পাদক মন্টু তালুকদারের অভিযোগ, 'সকালে এসেই সাফাইকর্মীদের পরিষ্কার করার জন্য আবেদন করতে হয়। কিন্তু বিভিন্ন কারণ দেখিয়ে মুখ ফিরিয়ে চলে যায়। বাধ্য হয়ে আমরা চাঁদা দিয়ে মাঝেমধ্যে সাফাইকর্মী রেখে পরিষ্কার পরিচ্ছন্ন করি বাজার।'

দিন দিন ক্রেতার সংখ্যা কমে যাওয়ায় মাথায় হাত ব্যবসায়ীদের। যা নিয়ে স্থানীয় পুর কোঅর্ডিনেটর কেয়া চৌধুরীর মন্তব্য, 'হাতেগোনা সাফাইকর্মী দিয়ে বাজার নিয়মিত পরিষ্কার করা যায় না। তবে বাজার কমিটির সদস্যরা জানালেই আমাদের সাফাইকর্মীরা পরিচ্ছন্ন করেন। তবে লোক আছে শুধু বদনাম করার জন্য বসে থাকেন। তারাই এসব অভিযোগ তোলেন।'

# ডালখোলা থানা থেকে ঢিল ছোড়া দূরত্বে চুরি

**শুভ্রজ্যোতি রাহা**

**ডালখোলা, ২১ এপ্রিল :** থানার অদূরে ভোররাতে চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়াল ডালখোলা পুরসভার শ্রীপল্লিতে। পুলিশের নাকের ডগায় এমন ভয়াবহ চুরির ঘটনায় আতঙ্কের পাশাপাশি ক্ষোভ ছড়িয়েছে স্থানীয় বাসিন্দাদের মধ্যে।

মেয়ের বাড়ি গিয়েছিলেন শ্রীপল্লির বাসিন্দা তথা ডালখোলা হাইস্কুলের শিক্ষাকর্মী শত্রুঘ্ন ঝা। সোমবার ভোরে সেখান থেকে বাড়ি ফিরে সদর দরজার তালা খুলতে গিয়ে দেখেন, বাড়ির ভেতরে রয়েছে মুখ ঢাকা এক অজ্ঞাত পরিচয় তরুণ। তিনি কিছু বুঝে ওঠার আগেই বাড়ির পিছন দিক দিয়ে সীমানা প্রাচীর টপকে পালিয়ে যায় ওই দুষ্কৃতী। আকস্মিকভাবে বাড়ির ভিতর থেকে অজ্ঞাত তরুণকে পালাতে দেখেই চোর চোর বলে চিৎকার করতে শুরু করেন শত্রুঘ্নবাবু। এরপরেই বাড়ির ভিতর থেকে আরও দুই দুষ্কৃতীকে পাঁচিল টপকে পালিয়ে যেতে দেখেন তিনি। কাকভোরে আচমকা এমন ঘটনার মুখোমুখি হয়ে রীতিমতো আতঙ্কিত হয়ে পড়েন গৃহকর্তা।

শত্রুঘ্নবাবুর চিৎকারে প্রতিবেশীরা ছুটে আসেন। এরপর বাড়িতে ঢুকে তিনি দেখেন, সব ঘরের দরজা লক কাটা। ঘরে থাকা আলমারি ও লকারের তালা ভাঙা। ঘরের সমস্ত জিনিস লন্ডভন্ড হয়ে রয়েছে। শত্রুঘ্নবাবুর দাবি, 'আমার স্ত্রীর বেশ কিছু সোনা ও রুপোর গয়না খোয়া গিয়েছে। নগদ ৫ হাজার টাকা ছিল। সেটাও নিয়ে চম্পট দিয়েছে দুষ্কৃতীরা।'

স্থানীয়রা বলেন, অদূরেই পুলিশ মহকুমা আধিকারিকের বাসস্থান। ২৪ ঘণ্টা সেখানে প্রহরী থাকে। এছাড়া পাড়াতেই রয়েছে থানা। থানার একাধিক পুলিশকর্মীরাও পাড়াতেই বিভিন্ন বাড়িতে ভাড়া থাকেন। তারপরও মাঝেমধ্যেই পাড়াতে চুরির ঘটনা ঘটছে।

# হজ প্রশিক্ষণ

**মালদা, ২১ এপ্রিল :** হজ করতে গিয়ে ভারতীয় পুণ্যার্থীদের যাতে কোনও অসুবিধা না হয় ও সৌদি আরবের নিয়মকানুন সম্পর্কে ওয়াকিবহাল করতে হজ প্রশিক্ষণ শিবির হল মালদা কলেজ অডিটোরিয়ামে। সোমবার ওই প্রশিক্ষণ শিবিরের সূচনা করেন ইংরেজবাজার পুরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দুনারায়ণ চৌধুরী। এছাড়াও উপস্থিত ছিলেন জেলা সংখ্যালঘু আধিকারিক মেঘা লামা, মাদ্রাসা শিক্ষা দপ্তরের মহ: আসিফ হোসেন, রাজ্য হজ কমিটির প্রশিক্ষক মৌলানা আসরারুল হক প্রমুখ। এদিন চারশো জন শিবিরে আসেন।

## পাড়ায় পাড়ায়

### গঙ্গারামপুর

# নর্দমা নেই ১১ নম্বর ওয়ার্ডে

**গঙ্গারামপুর, ২১ এপ্রিল :** পুরসভা তৈরির পর ৩২ বছর কেটে গিয়েছে। এখনও ১১ নম্বর ওয়ার্ডের বিভিন্ন এলাকায় নর্দমা তৈরি হয়নি। তাই এবার নিকাশানালার দাবি তুলে সরব হলেন বাসিন্দারা।

শহরবাসী অমিত সরকার, বিপুল মহন্তরা বলেন, দক্ষিণ স্কুলপাড়ার অনেক রাস্তায় এখনও নর্দমা তৈরি হয়নি। ভারী বৃষ্টি হলে জল জমে থাকে। এতে চলাফেরায় সমস্যা হয়। পুর কর্তৃপক্ষের সমস্যার সমাধান করা উচিত। পুরসভা তৈরির পর আমাদের ওয়ার্ডে দু'একটি রাস্তায় নর্দমা তৈরি হয়েছিল। সেগুলির অবস্থাও বেহাল।

গঙ্গারামপুর পুরসভার পুরাণপাড়া, হাইস্কুলপাড়া, ডাঙাপাড়া, মল্লিকপাড়া, সমরপল্লি, সাহাপাড়া ও ব্লক পাড়ার বেশ কিছু এলাকা নিয়ে ওই ওয়ার্ডটি তৈরি হয়েছে। এলাকায় প্রায় চার হাজার মানুষের বসবাস। সময়ের সঙ্গে সঙ্গে নতুন বসতি গড়ে উঠছে ওই এলাকাগুলিতে। কিন্তু নর্দমা না থাকায় অল্প বৃষ্টি হলে বাসিন্দাদের বাড়ির উঠোনে ও রাস্তার ওপর জল জমে যায়। এতে দুর্ভোগ পোহাতে হয় তাঁদের।

বধূ অঞ্জলি রায় বললেন, 'বাড়ির পাশে নর্দমা না থাকায় টিউওয়েলের জল ট্যাংক করে বাড়িতে ফেলতে হচ্ছে। অনেক সময় ওই জল উপচে পড়ে। নর্দমা তৈরি হলে এমন সমস্যা আমাদের পড়তে হবে না।'

ভাইস চেয়ারম্যান জয়ন্তকুমার দাস বলেন, বিভিন্ন ওয়ার্ডে নতুন নর্দমা তৈরি হয়েছে। ১১ নম্বর ওয়ার্ডেও বেশ কয়েকটি জায়গায় নর্দমা তৈরির পরিকল্পনা রয়েছে।'





*১৬ নম্বর ওয়ার্ডে নর্দমার কালো জল।*

### কালিয়াগঞ্জ

# নালার মুখ বন্ধ, নিকাশির সমস্যা

**কালিয়াগঞ্জ, ২১ এপ্রিল :** রাজ্য সড়কের ধারে এলআইসি বিল্ডিংয়ের সামনে নর্দমার মুখ আটকে দেওয়া হয়েছে। ফলে নর্দমার জল বা আবর্জনা বের হতে পারছে না। কালিয়াগঞ্জ শহরের ১৬ নম্বর ওয়ার্ডের টাউন ক্লাবপাড়ার ঘটনা।

স্থানীয় বাসিন্দা কান্তা কুণ্ডু বলেন, 'এলআইসি বিল্ডিংয়ের সামনে নর্দমার মুখ আটকে দেওয়ায় অসুবিধা হচ্ছে। পুর কর্তৃপক্ষ, চেয়ারম্যান রামনিবাস সাহা, কাউন্সিলার সকলে এসে সমস্যাটি দেখে গেলেও এখনও কোনও সমাধান হয়নি।'

ওই এলাকাটি অনেকটাই নীচু। অনেকদিন ধরে নিকাশির সমস্যায় ভুগছেন বাসিন্দারা। প্রতিবার ভোটের সময় সমস্ত দল থেকে সমস্যা সমাধানের প্রতিশ্রুতি দেওয়া হয়। কিন্তু ভোট শেষ হলে আর কাউকে দেখা যায় না বলে অভিযোগ উঠেছে এলাকায়। এছাড়াও নর্দমার অনেক জায়গাতে স্ল্যাব না থাকায় মশা, মাছির উৎপাত রয়েছে।

ওই এলাকার কাউন্সিলার নন্দদুলাল দাস বলেন, 'কোথাও নর্দমার মুখ আটকানো নেই। জলও আটকে নেই। তবে এলাকায় একটি বড় নর্দমা তৈরির পরিকল্পনা নেওয়া হবে।'

চেয়ারম্যানের বক্তব্য, 'বর্ষা আসার আগেই শহরের সমস্ত নিকাশিনালা পরিষ্কার করা হবে। কোথাও জল আটকে থাকলে তাড়াতাড়ি ব্যবস্থা নেওয়া হবে। প্রতিটি নর্দমার ওপরে স্ল্যাব বসানোর কাজও শেষ হয়ে যাবে।'

*তথ্য : বিপ্লব হালদার ও অনির্বাণ চক্রবর্তী*


# ইতিহাস সংরক্ষণে সংগ্রহশালা দাবি গঙ্গারামপুরে

**রাজু হালদার**

**গঙ্গারামপুর, ২১ এপ্রিল :** দক্ষিণ দিনাজপুর জেলার প্রাচীন ও ইতিহাস বিজড়িত শহর গঙ্গারামপুর। এই শহরের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে বিভিন্ন ঐতিহাসিক নিদর্শন। সেইসঙ্গে গঙ্গারামপুর শহরে রয়েছে প্রাচীন ঐতিহ্য, নিজস্ব ইতিহাস এবং ধর্মীয় কিংবদন্তি। বিশ্ব ঐতিহ্য দিবসের বিশেষ দিনে গঙ্গারামপুর শহরে ইতিহাস ও ঐতিহ্যকে আগামী প্রজন্মের কাছে তুলে ধরতে, পুর প্রশাসনের উদ্যোগে নিজস্ব সংগ্রহালয় ও গ্রন্থাগার স্থাপনের দাবি তুললেন পুর নাগরিক সহ বিশিষ্টজনেরা।

প্রবীণ নাগরিক তথা সাহিত্যিক কিষ্টু মুর্মু বলেন, ' শহরের বিভিন্ন প্রান্তে বহু গুরুত্বপূর্ণ ঐতিহাসিক নিদর্শন রয়েছে। এতদিন সেগুলি সংরক্ষণের কোনও উদ্যোগ নেওয়া হয়নি। আগামী প্রজন্মের জন্য শহরের ইতিহাস ও ঐতিহ্যকে সংরক্ষণ করা প্রয়োজন। পাশাপাশি শহরকেন্দ্রিক বিভিন্ন তথ্য, গ্রন্থকে একত্রিত করে একটি গ্রন্থাগারও তৈরি করা যেতে পারে। পুর প্রশাসনের এব্যাপারে উদ্যোগ নেওয়া উচিত।'

> গঙ্গারামপুর একটি প্রাচীন শহর। এই শহরের সঙ্গে বহু গুরুত্বপূর্ণ ইতিহাস জড়িয়ে রয়েছে। ধর্মীয় বিভিন্ন কিংবদন্তি জড়িয়ে রয়েছে। শহরের গৌরবময় ইতিহাস ও ঐতিহ্যকে ধরে রাখবার জন্য প্রশাসনিকভাবে উদ্যোগ গ্রহণ করা উচিত।
>
> **সুবোধ দে**, সাহিত্যিক



সাহিত্যিক সুবোধ দে বলেন, 'গঙ্গারামপুর একটি প্রাচীন শহর। শহরের সঙ্গে বহু গুরুত্বপূর্ণ ইতিহাস জড়িয়ে রয়েছে। সেগুলিকে ধরে রাখার জন্য প্রশাসনিকভাবে উদ্যোগ নেওয়া উচিত। এতে আগামীদিনে ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষিত হওয়ার পাশাপাশি শহরের মর্যাদা বৃদ্ধি পাবে।'

শিক্ষিকা ডলি ভট্টাচার্য গুহর বক্তব্য, 'পুনর্ভবা নদীতে অবস্থিত এই শহরের সঙ্গে বহু ইতিহাস জড়িত। আমাদের এই শহরেই রয়েছে আতাশাহের দরগা, ইতিহাস বিজড়িত কালদিঘি, ধলদিঘি, ইতিহাসপ্রসিদ্ধ বাণগড় সহ অন্যান্য ঐতিহাসিক নিদর্শন। বহু পর্যটক এই শহরে আসেন। পর্যটকদের সামনে শহরের ইতিহাস ঐতিহ্যকে তুলে ধরা আমাদের উচিত। আগামী প্রজন্মের জন্যও এটি ভীষণ প্রয়োজন। এই উদ্যোগ পুরসভার গ্রহণ করা উচিত।'

গঙ্গারামপুরের পুরপ্রধান প্রশান্ত মিত্রের কথায়, 'গঙ্গারামপুর শহর অত্যন্ত প্রাচীন এবং ইতিহাস বিজড়িত শহর। এই শহরের নিজস্ব ইতিহাস ও ঐতিহ্য রয়েছে। এসব সংরক্ষণ করার ক্ষেত্রে আগামীদিনে প্রয়োজনীয় চিন্তাভাবনা এবং পদক্ষেপ গ্রহণ করা হবে।'

# সাইবার ক্রাইম রোধে সেমিনার

**মালদা, ২১ এপ্রিল :** সাইবার ক্রাইম কিংবা পকসো আইন সম্পর্কে বিশেষভাবে সক্ষম শিশুদের সচেতন করতে সোমবার একটি বিশেষ প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হল মালদায়। পশ্চিমবঙ্গ শিশু সুরক্ষা কমিশনের তরফে ও পশ্চিমবঙ্গ সর্বশিক্ষা মিশন এবং সমগ্র শিক্ষা মিশনের তরফে এই বিশেষ প্রশিক্ষণ শিবির দুইদিন ব্যাপী চলবে মালদা জেলা প্রশিক্ষণ ভবনে। শুধুমাত্র মালদা জেলা নয় সঙ্গে উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার প্রশিক্ষকদের নিয়ে এই প্রশিক্ষণ শিবির। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের পড়াশোনা সহ পারিপার্শ্বিক বিভিন্ন বিষয় শেখানোর জন্য বিশেষ প্রশিক্ষক রয়েছে জেলায় জেলায়। তিন জেলার এই প্রশিক্ষকদের নিয়েই পশ্চিমবঙ্গ শিশু সুরক্ষা কমিশনের তরফে এই প্রশিক্ষণ শিবির আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ শিশু সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন তুলিকা দাস, মালদা জেলা অতিরিক্ত জেলা শাসক (জেলা পরিষদ) শেখ আনসার আহমেদ, জেলা মুখ্য স্বাস্থ্য অধিকারী সুদীপ্ত ভাদুড়ি, জেলা সর্বশিক্ষা মিশন আধিকারিক পঙ্কজকুমার দাস সহ অন্যান্যরা।

বর্তমানে সাইবার ক্রাইম বৃদ্ধি পাচ্ছে। শিশুরাও জড়িয়ে পড়ছে অজান্তে। এছাড়া পসকো আইন সম্বন্ধেও সকল শিশুদের জানা জরুরি। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুরা এই সমস্ত বিষয়গুলি কীভাবে জানতে পারবে। কীভাবে তাদের নিয়মিত প্রশিক্ষণ দেওয়া যায়। এই সমস্ত বিষয়গুলি নিয়েই বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের প্রশিক্ষকদের নিয়ে এই প্রশিক্ষণ শিবির। প্রায় ৭০ জন প্রশিক্ষকদের নিয়ে এই শিবির।

রাজ্য শিশু সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন তুলিকা দাস বলেন, 'শিশুদের অধিকার নিয়ে এবং শিশুদের অধিকার সংক্রান্ত যে আইন রয়েছে সেগুলো নিয়ে আলোচনা হল। বিশেষ করে পকসো আইন, সাইবার ক্রাইম, বাল্যবিবাহ রোধ নিয়ে আলোচনা করা হয়েছে।

# পাঠক শূন্য বুনিয়াদপুর পল্লি পাঠাগার সংকটে

**দিলীপকুমার তালুকদার**

**বুনিয়াদপুর, ২১ এপ্রিল :** বুনিয়াদপুর শহরে ১০ নম্বর ওয়ার্ডের পিরতলা এলাকায় রয়েছে একটি পাঠাগার। সেটি বুনিয়াদপুর পল্লিপাঠাগার নামেই পরিচিত। একটা সময় পাঠাগারটি পাঠকে গমগম করলেও এখন সেটি পাঠকশূন্য। খাঁ খাঁ করছে সেটি। পাঠকের অভাবে পাঠাগারটি বর্তমানে ধ্বংসের মুখে। করোনার সময় থেকে এমন অবস্থা বলে জানালেন স্থানীয়রা।



বুনিয়াদপুর মহাবিদ্যালয়ের অধ্যাপক সরফরাজ রহমান বলেন, 'আগে আমার অনেক ছাত্রছাত্রীদের লাইব্রেরিতে যেতে বলতাম। কিন্তু বর্তমানে সেটি বেহাল অবস্থায় রয়েছে। লাইব্রেরিটি অনেক পুরোনো। কর্তৃপক্ষের সেটিকে পুনরুজ্জীবিত করার জন্য উদ্যোগ নেওয়া দরকার।'

আগে সপ্তাহে চারদিন পাঠাগার খোলা থাকলেও বেশ কয়েকদিন থেকে ছয় দিন খোলা থাকছে। একজন মহিলা গ্রন্থাগারিক ও একজন চতুর্থ শ্রেণির মহিলা কর্মচারী রয়েছে পাঠাগারটিতে। তাঁদের কথায় জানা গেল, তাঁরাও এখানে অতিরিক্ত দায়িত্ব সামলাচ্ছেন।

এছাড়াও দোতলা ভবন বিশিষ্ট ওই পাঠাগারটি ধুলোয় ভরে গিয়েছে। পরিষ্কারের কোনও বালাই নেই। বিল্ডিংয়ের একাধিক জায়গায় দেওয়াল ফেটে গিয়েছে। শৌচাগারের অবস্থা বেহাল। পাঠাগারের আলমারির তাকে থরে থরে সাজানো রয়েছে বই। সেগুলিতেও পাঠকদের হাত না পড়ায় ধুলোর আস্তরণ পড়ে গিয়েছে।

শহরের বাসিন্দা সোমেশ মণ্ডল বলেন, 'আগে নিয়মিত লাইব্রেরিতে যেতাম। কিন্তু করোনার সময় থেকে না যাওয়ার অভ্যাস নষ্ট হয়ে গিয়েছে। তবে মাস তিনেক আগে গিয়ে দেখি লাইব্রেরির দরজা বন্ধ।'

এবিষয়ে পাঠাগারের সভাপতি গোবিন্দ তালুকদারের বক্তব্য, 'মোবাইল ও ইন্টারনেটের বাড়বাড়ন্তের ফলে পাঠকসংখ্যা তলানিতে ঠেকেছে। বর্তমান প্রজন্মের ছেলেমেয়েরা মোবাইলের প্রতি এতটাই আসক্ত যে তারা পাঠাগারে এসে বই পড়ার আগ্রহ হারিয়ে ফেলেছেন।' তাঁর সংযোজন, 'আমরা পাঠাগারটির সংস্কার সহ ঢেলে সাজানোর জন্য ডিএলও-এর কাছে প্রস্তাব পাঠানোর সিদ্ধান্ত নিয়েছি।'

# আচার, তরকারি দিয়ে পেটাই পরোটা খেতে সকালে ভিড়

**হরষিত সিংহ**

**মালদা, ২১ এপ্রিল :** তাওয়া থেকে হালকা ধোঁয়া বেরিয়ে আসছে। তাওয়ায় ঘুরিয়ে ঘুরিয়ে ভাজা হচ্ছে রুটির মতো একটা কিছু। তারপর মুড়ে দুই হাতে পিটিয়ে খাস্তা করা হচ্ছে। প্লেটে দুই রকম সবজির সঙ্গে সামান্য চাটনি দিয়ে দেওয়া হচ্ছে খেতে। কেউ তেল ছাড়া, আবার কেউ সামান্য তেল দিয়ে ভাজতে বলছেন। পিটিয়ে খাস্তা করা হচ্ছে। তাই নাম পেটাই পরোটা। ওই কায়দার মারেই বদলে যাচ্ছে পরোটার স্বাদ। গরমে সকালে অতুল মার্কেটে একমাত্র দোকানে বিক্রি হচ্ছে এই পরোটা। লাইন না পড়লেও অপেক্ষায় থাকছেন ক্রেতারা। পরোটা তেল দিয়েও ভাজা হয়, আবার নামমাত্র তেলেও ভাজা হয়।



অতুল মার্কেটের বাবু সাউয়ের দোকানে মিলবে এই সুস্বাদু পেটাই পরোটা। তাঁর দোকানের পেটাই পরোটা এখন মালদায় বিখ্যাত।

> এক প্লেট পেটাই পরোটার দাম কুড়ি টাকা। এক প্লেটে থাকে দুটি পরোটা। সঙ্গে দেওয়া হয় একটি সবজি, আলু সেদ্ধ, বিশেষ এক ধরনের চাটনি। এই চাটনিও আবার ভিন্ন স্বাদের। সবজির সঙ্গে এই পরোটা খেতে অসাধারণ।

শহর ও শহর লাগোয়া অঞ্চলের বহু মানুষ সকালে এই পরোটা খাওয়ার জন্য দোকানে ভিড় করেন। এক প্লেট পেটাই পরোটার দাম কুড়ি টাকা। এক প্লেটে থাকে দুটি পরোটা। সঙ্গে দেওয়া হয় একটি সবজি, আলু সেদ্ধ, বিশেষ এক ধরনের চাটনি। এই চাটনিও আবার ভিন্ন স্বাদের। সবজির সঙ্গে এই পরোটা খেতে অসাধারণ।

সাধারণত আটা দিয়ে তৈরি হয় এই পরোটা। আটা মাখার সময় জোয়ান ছাড়া আর কিছুই দেওয়া হয় না। ভাজার সময় পরোটার আকার তৈরি করা হয়। ভাজা পরোটা বিশেষ পদ্ধতিতে ভেঙে পরিবেশন করা হয়। ক্রমশ মালদহ শহরের এই পেটাই পরোটা দোকানের সুনাম ছড়াচ্ছে চারিদিকে। বর্তমানে প্রতিদিন গড়ে সাত থেকে আট কেজি আটার পরোটা বিক্রি করছেন তিনি।

বাবু সাউ বলেন, 'গত ২০ বছর ধরে এই পরোটা বিক্রি করছি। সামান্য তেল, আবার তেল ছাড়াও তৈরি করি। অনেকেই আসেন খেতে।' পেটাই পরোটা খেতে এসেছেন দীপঙ্কর রায়। বলেন, 'তেল ছাড়াও তৈরি হয়। তাই মাঝেমধ্যেই খেতে আসি। মালদায় আর অন্য কোথাও পাওয়া যায় না। খেতেও বেশ সুস্বাদু।' খাইয়ে খুশি বাবু সাউ, খেয়ে খুশি ক্রেতারা।


## অ্যাফিডেভিট

আমি Momena Khatun D/o Md. Mostafa, Piyaji More, Hyderpur, English Bazar Malda- 732101, আমার WBBSE Roll- R6072 No- 0702, Reg No- R1165042-137 এবং WBCHSE Reg No- 11069-0088 of 2005-2006 Roll- 104241 No- 0853 আমার বাবার নাম ভুল থাকায় গত 09/04/2025 এ প্রথম শ্রেণি J.M কোর্ট মালদায় অ্যাফিডেভিটে বলে ভুল সংশোধন করে Mohammad Mostafa ও Md Mostafa Sk থেকে Md. Mostafa করা হল যা উভয় এক এবং অভিন্ন ব্যক্তি।

(M-114075)

# নয় বছর পর রায়, তরুণ খুনে দোষী ১৪

সৌরভকুমার মিশ্র

**হরিশ্চন্দ্রপুর, ২১ এপ্রিল :** নয় বছর আগে ২০১৬ সালে হরিশ্চন্দ্রপুর থানা এলাকার অঙ্গারমণি গ্রামে ভবতোষ সাহা নামে এক তরুণকে দিনের আলোয় বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে কুপিয়ে খুন করা হয়।

ঘটনায় ওই গ্রামের ১৯ জনের নামে মামলা দায়ের হয়। অভিযুক্তদের মধ্যে একজন আবার কলকাতা পুলিশের কর্মী এবং একজন আইনজীবী আছেন। নয় বছর পর চাঁচল দায়রা আদালত খুনে জড়িত থাকার অভিযোগে ১৬ জনকে দোষী সাব্যস্ত করল। রায় ঘোষণা করেন অতিরিক্ত জেলা জজ সুরজিৎ দে। ১৯ জনের মধ্যে মামলা চলাকালীন দু'জনের মৃত্যু হয়। সাক্ষ্যপ্রমাণের অভাবে ছাড়া পান রেবতি দাস। রায় শুনে আদালতেই কেঁদে ফেলেন ভবতোষের স্ত্রী ললিতা সাহা।

ললিতা বলেন, 'ওরা স্বামীকে ডেকে নিয়ে গিয়ে নৃশংসভাবে কুপিয়ে খুন করেছিল। সেদিনের ঘটনা ভুলতে পারছি না। স্বামীর জন্য একমাত্র ছেলেকে নিয়ে আমায় লড়াই করতে হয়েছে। এতদিনে জয় পেলাম। ওদের ফাঁসি বা যাবজ্জীবন হলেই মনে শান্তি পাব।'

পিপি ইনচার্জ বলেন, 'আদালত কী সাজা দেবে, তা আগাম বলা যায় না। তবে আদালতে ন্যায্য বিচার মিলবে, এটুকু বলা যায়।' আইনজীবী আবদুল গনি বলেন, "মঙ্গলবার কী রায় হয়, তা আগে দেখি। সেই রায় দেখার পরেই যা বলার বলব।"

প্রসঙ্গত অঙ্গারমণি গ্রামে একটি মন্দিরের জমি নিয়ে দীর্ঘদিনের সমস্যা ছিল। ভবতোষ ও তার কাকাতো ভাই পূর্ণ সাহাকে কয়েকজন বাড়ি থেকে আলোচনায় বসার নাম করে ডেকে নিয়ে যায়। কিন্তু খানিক বাদেই রাস্তার উপরে তাদের ঘিরে মারধর শুরু হয়। পূর্ণ কোনওরকমে পালিয়ে যান। কিন্তু ভবতোষকে ছুরি দিয়ে কুপিয়ে খুন করা হয় বলে অভিযোগ।'

**ঘটনাক্রম**

- অঙ্গারমণি গ্রামে মন্দিরের জমি নিয়ে বিবাদ
- ভবতোষ, তার কাকাতো ভাই পূর্ণ সাহাকে কয়েকজন আলোচনায় বসার নাম করে ডেকে নিয়ে যায়
- খানিক বাদেই রাস্তার ওপরে তাঁদের ঘিরে মারধর শুরু হয়
- পূর্ণ কোনওরকমে পালিয়ে যান। কিন্তু ভবতোষকে কুপিয়ে খুন করা হয় বলে অভিযোগ

> ওরা স্বামীকে ডেকে নিয়ে গিয়ে নৃশংসভাবে কুপিয়ে খুন করেছিল। সেদিনের ঘটনা ভুলতে পারছি না। স্বামীর জন্য একমাত্র ছেলেকে নিয়ে আমায় লড়াই করতে হয়েছে। এতদিনে জয় পেলাম। ওদের ফাঁসি বা যাবজ্জীবন হলেই মনে শান্তি পাব।
>
> **ললিতা, মৃতের স্ত্রী**

# ঘর হারিয়ে চুইখিম থেকে উধাও পাখি, প্রজাপতি

**চুইখিম, ২১ এপ্রিল :** উন্নয়নের নামে নির্বিচারে গাছ ও পাহাড় কাটার ফলে দেশি-বিদেশি অসংখ্য প্রজাতির পাখি ও প্রজাপতি মুখ ফিরিয়েছে চুইখিম থেকে। মাত্র ৬ বছর আগেও সমুদ্রপৃষ্ঠ থেকে ৩৫০০ ফুট উচ্চতায় চুইখিম নামে যে পাহাড়ি নিরিবিলি গ্রামটি ছিল প্রায় ১২৫ প্রজাতির পাখির নিরাপদ আস্তানা, সেটাই আজ পরিণত হয়েছে ইট-পাথর-সিমেন্টের জঙ্গলে।

নতুন ৭১৭ এ জাতীয় সড়ক নির্মাণের ফলে সড়ক যোগাযোগ ব্যবস্থায় আমূল পরিবর্তন ঘটে গিয়েছে কালিম্পং পাহাড়ের দক্ষিণ অংশে চুইখিম-বরবট-নিমবংয়ের মতো পাহাড়ি গ্রামগুলোতে। ভঙ্গুর পাহাড় ও হাজার হাজার গাছ নির্বিচারে কেটে তৈরি হয়েছে আকর্ষণীয় লুপ পুল সহ দুই লেনের মসৃণ পিচঢাকা সড়ক। আঁকাবাকা পথে যানবাহনের সংখ্যা ও গতি দুই-ই বেড়েছে। উন্নয়নের এহেন স্পর্শ স্বাভাবিকভাবেই পছন্দ হয়নি পক্ষীকুলের। একসময় যে পাহাড়ি গ্রামটি বার্ড ওয়াচারদের স্বর্গরাজ্য বলে খ্যাতিলাভ করেছিল, সেখানে এখন রংবেরংয়ের পাখিদের দেখা মেলাই ভার।

অজয় গুরুং নামে চুইখিমের একজন বার্ড ওয়াচার বলেন, 'কয়েক বছর আগে এখানে হিমালয়ান বুলবুল, ক্রিমসন সানবার্ড, ব্লু হুইসলিং থ্রাশ, গোল্ডেন ব্যাবলার, গ্রেট হর্নবিল সহ আরও অসংখ্য প্রজাতির বহু পাখির দেখা মিলত। পাখিদের টানেই এখানে ছুটে আসতেন দেশের বিভিন্ন প্রান্তের বার্ড ওয়াচাররা। কিন্তু ইদানীং পাখির সংখ্যা উল্লেখযোগ্যভাবে কমে এসেছে চুইখিম সহ পাহাড়ের এই প্রান্তে।' হিমালয়ান নেচার অ্যান্ড অ্যাডভেঞ্চার ফাউন্ডেশন (ন্যাফ)-এর মুখপাত্র অনিমেষ বসু বলেন, 'সড়ক নির্মাণের জন্য যেভাবে হাজার হাজার গাছ, লতা, গুল্ম কেটে সাফ করে দেওয়া হয়েছে তার ফলে শুধুমাত্র পাখিরাই নয়, বাস্তুতন্ত্রের উপযোগী বহু ধরনের কীটপতঙ্গ, প্রজাপতির সংখ্যাও ব্যাপকহারে কমে গিয়েছে চুইখিম থেকে। ফ্লাই ক্যাচার, লাফিং থ্রাশ, রেড হেডেড ট্রোগন, নাটহ্যাচ সহ মোট ১২৫টি প্রজাতির পাখির সন্ধান পাওয়া গিয়েছিল চুইখিমে।' এখন তারা সংখ্যায় অনেক কমে এসেছে বলে অনিমেষের দাবি।

একই বক্তব্য আরেক বার্ড ওয়াচার ডাঃ কৌস্তভ ভৌমিকেরও। একসময় চুইখিমে নিয়মিত দেখা যেত হোয়াইট ক্যাপড রেডস্টার্ট, লিফ বার্ড, ওরিয়েন্টাল হোয়াইট আই, কালিজ ফিজ্যান্ট ও বিভিন্ন ধরনের কাঠঠোকরা। তাদের তালিকা তুলে ধরে কৌস্তভবাবু বলেন, 'গত দু-তিন বছরে এই পাখিদের একেবারেই দেখা মেলেনি চুইখিমে।'

অন্যদিকে, পাখিদের পাশাপাশি বিভিন্ন ধরনের বিরল প্রজাতির প্রজাপতিরও অস্তিত্ব সংকট দেখা দিয়েছে চুইখিমে। গত ১৮ বছর ধরে চুইখিমে প্রজাপতিদের টানে বারবার ছুটে এসেছেন কলকাতার আচার্য প্রফুল্লচন্দ্র রায় কলেজের বাংলা বিভাগের অধ্যাপক রিনা সিং। এদিন তিনি বলেন, 'সাধারণত জঙ্গলের চরিত্র কেমন তা বোঝাতে প্রজাপতির ভূমিকা গুরুত্বপূর্ণ। যেখানে যত বেশি সংখ্যায় ও প্রজাতির প্রজাপতির দেখা পাওয়া যায়, সেই জঙ্গল ততটাই ভালো। কিন্তু দুঃখের বিষয় হল, সড়ক তৈরির কাজে হাজার হাজার গাছ কেটে সাফ করে দেওয়ার ফলে প্রজাপতিদের নেকটার প্ল্যান্ট (খাবারের জন্য) এবং হোস্ট প্ল্যান্ট (ডিম পাড়ার জন্য) সবই নষ্ট হয়ে গিয়েছে। যে কারণে প্রজাপতির ৩০-৪০টি প্রজন্ম হারিয়ে গিয়েছে। প্যারিস পিকক, গর্গনের মতো বিরল প্রজাতির প্রজাপতির পাশাপাশি টিংশেল, পানচ, গ্রিন ফ্ল্যাশ নামে প্রজাপতিকুলের কোনও অস্তিত্ব গত দু'বছরে খুঁজে পাওয়া যায়নি চুইখিমে।'

চুইখিমে পাখি ও প্রজাপতিদের অস্তিত্ব সংকটের কথা মানছেন বনকর্তারাও। কালিম্পং বন বিভাগের ডিএফও চিত্রক ভট্টাচার্য বলেন, 'এটা অনস্বীকার্য যে সড়ক নির্মাণের ফলে চুইখিমের পাখি ও প্রজাপতির ওপর ব্যাপক প্রভাব পড়েছে।'

## খুন নাতির

প্রথম পাতার পর

তাঁকে করণদিঘি গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাঁকে রায়গঞ্জ মেডিকেল কলেজে রেফার করা হয়। মেডিকেলে নিয়ে যাওয়ার পর চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

রায়গঞ্জ মেডিকেলের সার্জিক্যাল বিভাগের চিকিৎসক সঞ্জয় শেঠ বলেন, 'ওই বৃদ্ধের মাথায় গুরুতর আঘাত রয়েছে। তাই ময়নাতদন্তের নির্দেশ দেওয়া হয়েছে।' বিশ্বনাথবাবুর ছেলে আদেশকুমার রায়ের বক্তব্য, 'আমি আচমকাই প্রতিবেশী মারফত খবর পাই যে বাবাকে আমার দাদার ছেলে মারধর করছে। গিয়ে দেখি বাবা মাটিতে লুটিয়ে পড়ে রয়েছে। পুলিশকে মৌখিকভাবে বিষয়টি জানানো হয়েছে। সৎকারের পর লিখিত অভিযোগ দায়ের করব।'

প্রাথমিকভাবে খুন অনুমান করে ময়নাতদন্তের চিকিৎসকের বক্তব্য, মস্তিষ্কে রক্তক্ষরণ রয়েছে। ভিসেরা সহ অন্যান্য অঙ্গ পরীক্ষানিরীক্ষার জন্য ফরেন্সিক ল্যাবে পাঠানো হয়েছে। রিপোর্ট আসার পরই মৃত্যুর কারণ স্পষ্ট হবে।

## উদ্বেগ স্বাস্থ্য দপ্তরের

প্রথম পাতার পর

বিশ্বাসী ছিলেন অনেকে। কিন্তু সময় বদলায়। সময় যত এগিয়েছে, ততই ছোট হয়েছে পরিবার। কাজের খোঁজে ভিনরাজ্যে বা বিদেশে পাড়ি দিচ্ছেন অসংখ্য মানুষ। ফলে ভেঙে যাচ্ছে পরিবার। কমছে একতার বোধও। দৈনন্দিন জীবনের ব্যথা-যন্ত্রণা শোনার মতো মানুষের অভাববোধ করছেন অনেকেই। পাশাপাশি মানুষ এখন সমাজমাধ্যমে অনেক বেশি সক্রিয় থাকছেন। যে কারণে পরিবারের সদস্যদের মধ্যে কমেছে কথাবার্তা। কয়েক বছর আগে পর্যন্তও আত্মহত্যার প্রবণতা খুব একটা বেশি ছিল না। তবে বর্তমানে তা লাফিয়ে লাফিয়ে বাড়ছে।

যেমন, দক্ষিণ দিনাজপুর জেলার একটি মাত্র মর্গ বালুরঘাটে রয়েছে। প্রতিমাসে কম বেশি ১৫০-২০০ দেহ ময়নাতদন্তের জন্য সেখানে আসে। পরিসংখ্যান বলছে এর সিংহভাগই আত্মহত্যা। তবে এখন আত্মহত্যার ধরনও পালটেছে। চিকিৎসকরা বলছেন, 'আত্মহত্যা করার পেছনে মূল কারণ মানসিক চাপ ও হতাশা। মানুষের ধৈর্য শক্তি কমে যাওয়া। তাই যেকোনও সমস্যা থেকে বেরোতে প্রথম উপায় ভাবছেন নিজেকে শেষ করে দেওয়া।'

জেলা স্বাস্থ্য দপ্তরের চিকিৎসকদের কথায়, যারা মূলত আত্মহত্যার চেষ্টা করছে তাদেরকেই করা হচ্ছে কাউন্সেলিং। আত্মহত্যা যে কোনও সমাধান সূত্র নয়, সেকথা কাউন্সেলিং করে বোঝাচ্ছেন তাঁরা। ইতিমধ্যেই আত্মহত্যার চেষ্টা করা জেলার বহু মানুষকে কাউন্সেলিং করেছেন চিকিৎসকরা। খোঁজ নিয়ে জানা গিয়েছে, আত্মহত্যার পথ থেকে সরে এসে তাঁরা বর্তমানে সুস্থ জীবনযাপন করছেন।

এবিষয়ে বালুরঘাট জেলা হাসপাতালের সুপার কৃষ্ণেন্দুবিকাশ বাগের মন্তব্য, 'যাঁরা সুস্থ হচ্ছেন, হাসপাতালের অভিজ্ঞ চিকিৎসকরা তাদের কাউন্সেলিং করছেন, যাতে তাঁরা আর আত্মহত্যার পথ বেছে না নেন।' জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ সুদীপ দাস বলেন, 'যে কারণেই হোক মানুষের মধ্যে এখন হতাশা তৈরি হচ্ছে।' তাঁর কথায়, 'আত্মহত্যার প্রবণতা কমাতে বিভিন্ন স্কুলের পড়ুয়াদের নিয়ে কর্মশালা করা হচ্ছে। উদ্দেশ্য একটাই, আত্মহত্যা কমানো।'

# বঙ্গ দর্শন হাসির খোরাক

প্রথম পাতার পর

দাঁড়িয়েছিলেন। তিনি এবং তাঁরা কী রিপোর্ট দেবেন তা এখনই আঁচ করা খুব কঠিন কি? এবং এই সরকারি টিমের সঙ্গে আগাগোড়া মুর্শিদাবাদ ঘুরেছেন ইংরেজবাজারের বিজেপি বিধায়ক শ্রীরূপা মিত্র চৌধুরী। তাঁরা কী কী বলতে পারেন আন্দাজ করা খুব কঠিন কি?

মহিলা কমিশনের মুর্শিদাবাদ সফর নিয়ে তর্জাও নেহাত কম হচ্ছে না। শাসকদল সরাসরি তার নাম দিয়েছে 'নটোরিয়াস কমিশন অফ হোয়াইট পেপার্স'। হোয়াইট পেপার্স প্রসঙ্গ এসেছে সন্দেশখালির সূত্রে। তৃণমূল তখন অভিযোগ করেছিল, কমিশন সেখানকার মহিলাদের জোর করে সাদা কাগজে সই করিয়েছে। ঘটনাচক্রে জনা দুই মহিলা পরে পুলিশের কাছে তাঁদের অভিযোগ তুলে নিয়েছিলেন। তাঁদের দিয়ে সাদা কাগজে সই করানোর অভিযোগ করেছিলেন। এ নিয়ে রেখাদেবী নির্বাচন কমিশনের কাছে পালটা নালিশ করেছিলেন, ওই মহিলাদের ভয় দেখিয়ে অভিযোগ প্রত্যাহার করিয়েছে শাসকদল।

মনে রাখতে হবে এইসব কমিশন কোনও আদালতের নির্দেশে নয়, এসেছে স্বতঃপ্রণোদিত হয়ে। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে তাদের স্বতঃপ্রণোদনা এত বেশি তা চোখে লাগে রীতিমতো। এর আগে ভোট পরবর্তী হিংসা দেখতেও দলে দলে নানা কমিশন এসেছে এখানে। তারা দিল্লি ফিরে গিয়ে কোথায় কার কাছে কী রিপোর্ট দিয়েছে কে জানে! এখানে তাঁরা যেসব কথা বলেন, চলে যাওয়ার পর আর তা শোনা যায় না। বছর ফুরোলেই বিধানসভার ভোট। এখন থেকেই শুরু হয়ে গিয়েছে ওয়ার্ম আপ। সব পক্ষেরই। তাই ক্রমেই তৎপরতা বাড়বে দিল্লির।

## পরপর দুর্ঘটনায় তিনজনের মৃত্যু

**মুর্শিদাবাদ, ২১ এপ্রিল :** মুর্শিদাবাদে পর পর দুর্ঘটনায় প্রাণ গেল তিনজনের। জেলার কান্দি ও দৌলতাবাদে ওই ২টি পৃথক ঘটনায় তিনজনের মৃত্যুর পাশাপাশি, সাগরপাড়ায় দুর্ঘটনায় আশঙ্কাজনক আরও এক।

সোমবার দৌলতাবাদের ঘোষপাড়া পেট্রোল পাম্পের বেসরকারি যাত্রীবাহী একটি বাসের সঙ্গে বাইকের সংঘর্ষে মৃত্যু হয় বাইকচালক ও আরোহীর। মৃতদের নাম মুরসেলিম শেখ (২৭) ও সাদিকুল ইসলাম (৩২)। খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ এসে ঘাতক বাসটিকে আটক করে থানায় নিয়ে যায়। দ্বিতীয় ঘটনাটি ঘটে কান্দির বাগমারি মোড় নতুনপাড়ায়। বাইক নিয়ে রাস্তার পাশে চায়ের দোকানে বহরমপুর থেকে কান্দিগামী একটি সরকারি যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে সজোরে ধাক্কা দেয়। ওই দোকানে থাকা জীতেন দলুই (২৫) নামের এক তরুণ ঘটনাস্থলেই মারা যান। দুর্ঘটনার পরেই ঘাতক বাসচালককে আটক করে পুলিশ।

অন্যদিকে, জেলার গোদাগাড়ি উত্তরপাড়া এলাকায় দুর্ঘটনায় আহত হন দীপেন মণ্ডল নামে বছর ৫৮ র এক ব্যক্তি। প্রত্যক্ষদর্শীরা জানাচ্ছেন, সাইকেলে করে যাওয়ার সময় রাস্তার পাশে নির্মীয়মাণ কালভার্টের রড গলায় ঢুকে যায়। আশঙ্কাজনক অবস্থায় তিনি মুর্শিদাবাদ মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

## জমি বিবাদে মার দম্পতিকে

**বালুরঘাট, ২১ এপ্রিল :** জমি নিয়ে বিবাদের জেরে এক বৃদ্ধ দম্পতিকে বেধড়ক মারধরের অভিযোগ উঠল তাদের আত্মীয়দের বিরুদ্ধে। ওই দম্পতির কন্যা অনামিকা দেবনাথ বালুরঘাট থানায় এনিয়ে লিখিত অভিযোগ দায়ের করেছেন।

তার অভিযোগ, 'আমার বাবা ও মাকে বসতবাড়ির জমি মাপজোখের সময় আমার আত্মীয়রাই মারধর করেছে। এর ফলে তাদের দুজনকেই বালুরঘাট হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করতে হয়েছে। পুলিশ অভিযোগ পেয়েই ঘটনার তদন্ত শুরু করেছে।'

## উদ্ধার সংজ্ঞাহীন টোটোচালক

**বালুরঘাট, ২১ এপ্রিল :** বালুরঘাট থানার সামনে টোটো থামতেই সংজ্ঞাহীন হয়ে মাটিতে লুটিয়ে পড়লেন চালক। আচমকা চোখের সামনে এমন অবস্থা দেখে প্রথমে কিছুটা ঘাবড়ে গেলেও বালুরঘাট কলেজের কয়েকজন ছাত্রী এবং স্থানীয় পথচারীরা ওই টোটোচালকের শুশ্রূষা করার চেষ্টা করেন। কিন্তু তাতেও ওই চালকের জ্ঞান না ফেরায় অবশেষে বালুরঘাট থানার সেকেন্ড অফিসার গৌতম হাজরা ও কনস্টেবল শুভজিৎ নাথ এগিয়ে আসেন।

শুভজিৎ নাথই ওই সংজ্ঞাহীন টোটোচালককে সঙ্গে করে নিয়ে গিয়ে বালুরঘাট হাসপাতালে ভর্তি করে দেন। পাশাপাশি খবর দেওয়া হয় ওই টোটোচালকের পরিবারকেও। বালুরঘাট হাসপাতালের চিকিৎসকদের চিকিৎসায় আপাতত সুস্থ হয়ে উঠেছেন ওই চালক।

## রক্তদান শিবির

**বালুরঘাট, ২১ এপ্রিল :** রক্তের জোগান স্বাভাবিক রাখতে রক্তদান শিবির আয়োজন করল পথের দিশা ওয়েলফেয়ার ফাউন্ডেশন এবং ফেডারেশন অফ ইন্ডিয়ান ব্লাড ডোনার্স অর্গানাইজেশন। বালুরঘাট জেলা হাসপাতালের ব্লাড সেন্টারে আয়োজিত শিবিরে একজন মহিলা সহ মোট ২৬ জন রক্তদান করেন।

## বিএসএফ ক্যাম্প

প্রথম পাতার পর

সেখান থেকে তিনি এসে পৌঁছান জাফরাবাদে। বাবা ও ছেলের নৃশংস খুনের ঘটনায় আক্রান্ত দাস পরিবারের ঘরে আসেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী। পরিবারের সকলে জানান, পুলিশ ঠিক সময় এলে হয়তো খুন এড়ানো যেত। নিহত তরুণের দিদি বলেন, 'যারা আমার ভাই এবং বাবাকে খুন করেছে তাদের ফাঁসি চাই।' পরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সুকান্ত মজুমদার বলেন, 'কথা বললাম পরিবারের সঙ্গে, বিষয়টা খুবই মর্মান্তিক। বাড়ির দুজনকে মেরেছে অন্য সবাই পালিয়ে বেঁচেছেন। এদের পরিবারের পাশে আছি যারা খুন করেছে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি চাইছি।'

রাজ্য বিজেপির সভাপতির দাবি, 'এই সমস্ত জায়গায় বিএসএফ ক্যাম্প ছিল। পরে বাম সরকার তুলে দেয়। আপাতত রাজ্য সরকারের উচিত ওই সব সংবেদনশীল এলাকায় বিএসএফ ক্যাম্পের জন্য আবেদন করা। প্রয়োজনে আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে ক্যাম্পের ব্যবস্থা করব। কিন্তু শুরুতে রাজ্য সরকারকেই বিএসএফ চেয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে, কারণ বিষয়টা আইনি প্রক্রিয়ার ব্যাপার।'



বালুরঘাট গার্লস হাইস্কুলের সামনে ক্লাস শেষের পর। সোমবার। - মাজিদুর সরদার

### দুষ্কৃতীর খপ্পরে শাসকনেতার শ্বশুর-শাশুড়ি

# পাউডার ছিটিয়ে অজ্ঞান করে হার ছিনতাই

সৌরভকুমার মিশ্র

**হরিশ্চন্দ্রপুর, ২১ এপ্রিল :** অল্প খরচে বাড়ির সমস্ত পিতলের বাসন পরিষ্কারের প্রলোভন দেখিয়ে ভরদুপুরে বাড়িতে ঢুকে স্প্রে করে বৃদ্ধার গলা থেকে সোনার চেন নিয়ে উধাও হল দুই তরুণ। এই চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে হরিশ্চন্দ্রপুর থানা এলাকার পিপলা গ্রামে। ওই বৃদ্ধা আবার হরিশ্চন্দ্রপুর-১ নম্বর ব্লক তৃণমূল কংগ্রেসের প্রভাবশালী নেতা তথা ব্লক সহ সভাপতি দ্রোণাচার্য বন্দ্যোপাধ্যায়ের শাশুড়ি।

পুলিশ জানিয়েছে, বৃদ্ধার হার ছিনতাই করে পালিয়ে যাওয়ার সময় বাইকে বসা ওই দুই দুষ্কৃতীর ছবি রাস্তার কয়েকটি সিসিটিভি ফুটেজে ধরা পড়েছে। ঘটনার খবর পেয়ে হরিশ্চন্দ্রপুর পুলিশ প্রশাসন বাংলা-বিহার সীমান্তবর্তী সমস্ত এলাকা সিল করে দেয়। নাকা চেক পয়েন্টগুলিতে নজরদারি কঠোর করা হয়েছে।

অভিযোগ, সোমবার দুপুর বারোটা নাগাদ হরিশ্চন্দ্রপুরের পিপলা গ্রামে অবসরপ্রাপ্ত সরকারি কর্মী অনিল মাইতির বাড়িতে মোটরবাইকে চেপে আসেন অপরিচিত দুই তরুণ। সেইসময় বাড়িতে ছিলেন অনিলবাবু এবং তাঁর স্ত্রী ঝর্ণা মাইতি। ওই দুই তরুণ ঝর্ণাদেবীকে প্রলোভন দেখিয়ে বলেন, বাড়িতে থাকা পুরোনো পিতলের বাসন খুব কম খরচে পরিষ্কার করে দেওয়া হবে। এই কথা শুনে ঝর্ণাদেবী বাড়ির সমস্ত পিতলের বাসন বাইরে নিয়ে আসেন। এরপরই ওই দুই তরুণ কথা বলতে বলতে হঠাৎ করে পাউডার জাতীয় কিছু ঝর্ণাদেবী এবং তাঁর স্বামীর মুখে ছিটিয়ে দেয়। এর ফলে সাময়িকভাবে জ্ঞান হারিয়ে ফেলেন তাঁরা। আর এই সুযোগেই ঝর্ণাদেবীর গলায় থাকা দেড় ভরির সোনার হার ছিনতাই করে পালিয়ে যায় ওই দুই দুষ্কৃতী।

কিছুক্ষণের মধ্যে জ্ঞান ফিরে আসলে বিষয়টি বুঝতে পেরে চিৎকার করতে থাকেন। তাঁদের চিৎকার চ্যাঁচামেচিতে পাড়ার লোক ছুটে আসলেও ওই দুই দুষ্কৃতী দ্রুত বেগে মোটর সাইকেল চালিয়ে ৩১ নম্বর জাতীয় সড়ক ধরে পালিয়ে যায়।

ঝর্ণাদেবীর দাবি, 'আমাকে ওরা বাড়িতে এসে বলল যে পিতলের বাসন পরিষ্কার করে দেবে। আমিও ওদের কথামতো পিতলের বাসন নিয়ে এসেছিলাম। এরপরই কথা বলতে বলতে হঠাৎ কিছু একটা ছিটিয়ে দেয় আমার মুখের উপর। তারপর হঠাৎ করে আমার গলা থেকে হার ছিনতাই করে পালিয়ে যায়।'

ঝর্ণাদেবীর জামাই তৃণমূল নেতা দ্রোণাচার্য বন্দ্যোপাধ্যায়ের অভিযোগ, 'ঘটনার সময় বাড়িতে শুধুমাত্র শ্বশুর-শাশুড়ি ছিলেন। এই সুযোগটা ওরা কাজে লাগিয়েছে। এলাকার বিভিন্ন সিসিটিভি ক্যামেরাতে দুজনের ছবি ধরা পড়েছে। আমরা পুলিশে অভিযোগ করেছি।'

এই প্রসঙ্গে হরিশ্চন্দ্রপুর থানার আইসি মনোজিৎ সরকারের মন্তব্য, 'অভিযোগ পেয়ে আমরা বাংলা-বিহার সীমান্তের সমস্ত এলাকা বন্ধ করে দিয়েছি। নাকা চেক পোস্টগুলোতে কুইক রেসপন্স টিমকে নামানো হয়েছে। খবর পেয়েছি ৩১ নম্বর জাতীয় সড়ক ধরে তুলসীহাটার দিকে ওই দুইজন দুষ্কৃতী বাইক নিয়ে পালিয়েছে। এলাকাজুড়ে কড়া নজরদারি চলছে। বিহারের সীমান্তবর্তী সমস্ত থানাতেও জানানো হয়েছে।'

# রাস্তা নিয়ে বিবাদে মাথায় হাঁসুয়ার কোপ

**বৈষ্ণবনগর, ২১ এপ্রিল :** রাস্তা নিয়ে বিবাদের জেরে মাথায় হাঁসুয়ার কোপ মারার অভিযোগ উঠল প্রতিবেশী কাকার বিরুদ্ধে। ঘটনায় গুরুতর জখম হল এক তরুণ। বৈষ্ণবনগর থানা এলাকার চকসেহের্দির গাদ্দিটোলা গ্রামে ঘটনাটি ঘটেছে।

স্থানীয়রা জানিয়েছেন, দীর্ঘদিন ধরে কালাচাঁদ শেখের পরিবারের সঙ্গে প্রতিবেশী আবদুল করিমদের সঙ্গে রাস্তা নিয়ে বিবাদ চলছিল। আগেও বহুবার গণ্ডগোল হয়েছে দুইপক্ষের। গতকাল রাতের পর বাকবিতণ্ডা শুরু হয় দুই পরিবারের মধ্যে। সেসময় বাড়িতে ছিল না আবদুল। গভীর রাতে আবদুল বাড়ি ফিরতেই তাঁর ওপর চড়াও হয় কালাচাঁদ। বেধড়ক মারধর করার পাশাপাশি আবদুলের মাথায় হাঁসুয়ার কোপ মারে।

আবদুলের কথায়, 'কালাচাঁদরা আমাদের বাড়ির সামনে এবং রাস্তার ওপর প্রায়ই আবর্জনা ও নোংরা ফেলে দিয়ে যায় ইচ্ছাকৃতভাবে। প্রতিবাদ করলেই হাঁসুয়া, লাঠি নিয়ে মারধর করতে আসে। আমার মাথায় হাঁসুয়ার কোপ মেরেছে।' যদিও কালাচাঁদ সম্পূর্ণ অভিযোগ অস্বীকার করেছেন। তাঁর বক্তব্য, 'মদ খেয়ে গালাগালি করছিল। প্রতিবাদ করতেই আমাকেই মারধর করে আবদুল। এখন মিথ্যা অভিযোগ করছে। মদ খেয়ে পড়ে গিয়ে তাঁর মাথা ফেটেছে।' বৈষ্ণবনগর থানায় সোমবার সন্ধ্যায় লিখিত অভিযোগ করে দুইপক্ষ। পুলিশ জানিয়েছে, দুইপক্ষের অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে।

> কালাচাঁদরা আমাদের বাড়ির সামনে এবং রাস্তার ওপর প্রায়ই আবর্জনা, নোংরা ফেলে দিয়ে যায় ইচ্ছাকৃতভাবে। প্রতিবাদ করলেই হাঁসুয়া, লাঠি নিয়ে মারধর করতে আসে। আমার মাথায় হাঁসুয়ার কোপ মেরেছে।
>
> **আক্রান্ত আবদুল**

# তালিকা প্রকাশে ব্যর্থ কমিশন

প্রথম পাতার পর

করার দাবি করে শিক্ষকরা বলছেন, 'নিয়োগের মোট কাউন্সেলিং হয়েছিল ১২টি। নবম-দশম শ্রেণির শিক্ষক শিক্ষিকাদের জন্য ৭টি ও একাদশ দ্বাদশ শ্রেণির শিক্ষক শিক্ষিকাদের জন্য ৫টি। তাহলে কীভাবে শুধুমাত্র তৃতীয় কাউন্সেলিং পর্যন্ত বৈধতা পায় শিক্ষকরা?' এদিন হাইকোর্টে ডিভিশন বেঞ্চের পর্যবেক্ষণ, 'সুপ্রিম কোর্ট হাইকোর্টের রায়ের কিছু অংশ পরিবর্তন করেছে। বাকি বহাল রাখা হয়েছে। তাহলে নির্দেশ এখনও কেন কার্যকর হল না?' ডিভিশন বেঞ্চের প্রশ্ন, 'অযোগ্যদের থেকে সুদ সমেত এতদিনের বেতন ফেরাতে ও বেতন বন্ধ করতে রাজ্যের পদক্ষেপ কী? বেতনের তালিকায় অবৈধদের নাম থাকার অভিযোগ রয়েছে। এক্ষেত্রে রাজ্য কী পদক্ষেপ করেছে? ওএমআর শিট প্রকাশ নিয়ে কমিশনের পদক্ষেপ কী?' সিবিআইকে প্রশ্ন করেও ডিভিশন বেঞ্চ মন্তব্য করে, 'অযোগ্যদের ডেকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে কী?' পরবর্তী শুনানিতে সিবিআইকে তদন্তের অগ্রগতি জানাতে হবে।

সোমবার 'যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চ ২০১৬', 'সংগ্রামী যৌথমঞ্চ' সহ একাধিক চাকরিহারা শিক্ষক শিক্ষিকা সংগঠনের প্রতিনিধিরা তথা সম্পূর্ণ ১২টি নিয়োগ কাউন্সেলিংয়ের একজন করে প্রতিনিধি এসএসসি চেয়ারম্যানের সঙ্গে দেখা করতে যান। অধিকার মঞ্চের আহ্বায়ক মেহবুব মণ্ডল বলেন, 'যোগ্য অযোগ্যদের মিশিয়ে ইচ্ছাকৃত গণ্ডগোল পাকানোর চেষ্টা করা হচ্ছে। শিক্ষা দপ্তর সূত্রের খবর, গত রবিবার যোগ্য চাকরিহারাদের নতুন তালিকা স্কুল শিক্ষা দপ্তরকে ইমেল করেছিল এসএসসি। তালিকায় যোগ্য চাকরিহারার সংখ্যা ছিল প্রায় ১৯ হাজার। তাহলে শুধুমাত্র তৃতীয় কাউন্সেলিং পর্যন্ত তালিকা কেন প্রকাশ করার কথা এসএসসি ঘোষণা করেছে এই প্রশ্ন অপেক্ষারত প্রতিটি শিক্ষকদের মনে। সোমবার রাত জাগবেন বলে জানাচ্ছেন বিক্ষোভকারীরা। এসএসসি ভবনের গেটের সামনে বিক্ষোভ সামলাতে র‍্যাফ নামানো হয়েছে। বিক্ষোভকারীদের মধ্যে থেকে উঠছে 'উই ওয়ান্ট জাস্টিস' স্লোগান। চাকরিহারা শিক্ষকরা বলছেন, 'কোনও কাউন্সেলিংয়ের অজুহাত চলবে না। যোগ্যদের লিস্ট লাগবে। নয়তো ২২ লক্ষ ওএমআর এখনই প্রকাশ করুন।' অপর বিক্ষোভকারী কান্না মেশানো গলায় বললেন, 'প্রশাসনের প্রত্যেকটা প্রতিশ্রুতি ললিপপের মতো। কিন্তু আজ আমরা আর ললিপপ নিয়ে বাড়ি ফিরব না।' পুলিশ বিক্ষোভকারীদের শিক্ষক সুলভ আচরণ করার হুংকার দিলেও এসএসসি ভবনের ভিতরে অবস্থানে ১৩ জন শিক্ষক এবং বাইরে বাকি শিক্ষকরা বিক্ষোভ চালিয়ে যাচ্ছেন। তাঁদের অভিযোগ, 'আমরা চোর সাব্যস্ত হতে চাই না। আমরা পড়াশোনা করে শিক্ষক হয়েছি। রাজ্যের দুর্নীতির শিকার হয়ে নিজেদের বলি করব না।' আগেও বিজেপি নেতৃত্ব অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে বিক্ষোভ থেকে সরিয়ে দিয়েছিলেন চাকরিহারারা। সোমবার এসএসসি ভবনের সামনে নিজেদের অরাজনৈতিক অবস্থানকে আরও বেশি স্পষ্ট করে প্রশাসনের গাফিলতির দিকে আঙুল তুলেছেন তাঁরা।

## ট্রেন দেরি, ক্ষুব্ধ যাত্রীরা

**রায়গঞ্জ, ২১ এপ্রিল :** তেলতা থেকে রাধিকাপুরগামী প্যাসেঞ্জার ট্রেন প্রতিদিন অস্বাভাবিক দেরিতে চলছে। ফলে ব্যাপক সমস্যার সম্মুখীন হচ্ছেন যাত্রীরা। রায়গঞ্জ থেকে বহু মানুষ এই ট্রেনে যাতায়াত করেন। অনেকেই এই ট্রেন ধরে কালিয়াগঞ্জে যান নিজের কাজের উদ্দেশ্যে। কিন্তু গত কিছুদিন ধরে ট্রেনটি অস্বাভাবিক দেরিতে চলাচল করায় অধিকাংশ যাত্রী ট্রেনের পরিবর্তে বাসেই যাতায়াত করছেন।

শহরের বাসিন্দা সৌম্যকান্তি সরকার বলেন, 'কালিয়াগঞ্জে পেশাগত কাজে যেতে গিয়ে এদিন রেল অ্যাপে দেখি, ট্রেন প্রায় দেড় ঘণ্টা দেরিতে চলছে। অগত্যা তীব্র গরমে ভিড়ে ঠাঁসা বাসে করেই যেতে হয়েছে। অবিলম্বে এই সমস্যার সমাধান চাই।'

অভিযোগ, তেলতা থেকে সকাল ১১:০৫ মিনিটে ওই ট্রেন ছাড়ার কথা থাকলেও বেশিরভাগ দিন ছাড়া হয় সাড়ে ১২ টা নাগাদ। রায়গঞ্জে সোয়া বারোটা নাগাদ পৌঁছানোর কথা থাকলেও তা পৌঁছাচ্ছে অনেক দেরিতে।

স্থানীয় ব্যবসায়ী বাপ্পা ঘোষের দাবি, 'ব্যবসায়িক উদ্দেশ্যে এই ট্রেন ধরে কালিয়াগঞ্জে পৌঁছাতাম আগে। কিন্তু গত দেড় মাস ধরে খুব দেরি করছে ট্রেন।' রায়গঞ্জ রেলস্টেশন কর্তৃপক্ষ এই বিষয়ে সরাসরি কোনও মন্তব্য করতে চায়নি। নাম প্রকাশে অনিচ্ছুক এক আধিকারিক বলেন, 'সিগন্যালিং সিস্টেমের উপর ভিত্তি করে ট্রেন চলাচল করে। সোর্স স্টেশন থেকে ছাড়তে দেরি হলে সেই বিষয়ে আমাদের বলার কোনও জায়গা নেই।'

## খাসজমি

প্রথম পাতার পর

তৃণমূল নেত্রীর আরও অভিযোগ, 'দুটি গ্রাম পঞ্চায়েত এলাকায় রাজ্য সড়কের দুই ধারে যে সমস্ত জলাশয় ছিলসেগুলিও বেআইনিভাবে ভরাট হয়ে এখন জমি মাফিয়াদের কবজায়।' সোনা টোপ্পো বলেন, 'সরকারি খাস জমি বিক্রি করে দিয়েছে জমি মাফিয়ারা। একাধিক জায়গায় অভিযোগ করেছি। সম্প্রতি একাধিক জায়গায় আন্দোলন হয়েছে। পুলিশ প্রশাসন জেলা প্রশাসনকে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।'

রায়গঞ্জ জেলা আদালতের বিশিষ্ট আইনজীবী দেবব্রত সরকারের দাবি, 'জমি মাফিয়াদের দৌরাত্ম্যে অতিষ্ঠ এলাকার মানুষ। কোর্টে একাধিক মামলা দায়ের হয়েছে। এমনও প্রভাবশালী রয়েছে যারা এই মুহূর্তে জমির অবৈধ ব্যবসা করে কোটি কোটি টাকার মালিক। রয়েছে একাধিক বিলাসবহুল গাড়ি। কেউ আবার পরিবহণ ব্যবসায়ীও।'

স্থানীয় বাসিন্দা শিখা মণ্ডল অভিযোগ করেন, 'এলাকার প্রভাবশালীরা বাড়ির সামনের জায়গা দখল করে নিচ্ছে। প্রতিবাদ করতে গেলে মস্তানদের দিয়ে খুন করার হুমকি দেওয়া হচ্ছে। কখনও আবার মিথ্যে মামলা দিয়ে ফাঁসানোর হুঁশিয়ারি দিচ্ছে।'

অভিযোগ প্রসঙ্গে রায়গঞ্জের বিডিও সেরন তামাংয়ের মন্তব্য, 'ওই এলাকায় জমি দখলকে কেন্দ্র করে একাধিক ঘটনা ঘটেছে। যে সমস্ত জায়গা বিতর্কিত, সেগুলোর উপরে নজরদারি রাখা হচ্ছে। কিছু কিছু জায়গায় ১৪৪ ধারা জারি করা হয়েছে।'

## চোলাই সহ ধৃত

**কালিয়াগঞ্জ, ২১ এপ্রিল :** চোলাই বাজেয়াপ্ত সহ এক ব্যক্তিকে গ্রেপ্তার করল কালিয়াগঞ্জ থানার পুলিশ। রবিবার রাতে কালিয়াগঞ্জ ব্লকের ধনকৈল অঞ্চলের লক্ষ্মীপুর কিষাণ মাণ্ডি এলাকা থেকে ওই ব্যক্তিকে গ্রেপ্তার করে পুলিশ। পুলিশ জানায়, ধৃত ব্যক্তির নাম মানিকচন্দ্র রায়। বাড়ি শহরের শান্তি কলোনি এলাকায়। সোমবার সকালে ধৃতকে রায়গঞ্জ জেলা আদালতে পেশ করে পুলিশ। কালিয়াগঞ্জ থানার আইসি দেবব্রত মুখার্জি জানান, ধৃতের কাছ থেকে ১৬ লিটার চোলাই বাজেয়াপ্ত করা হয়েছে।

